اُتْلُ مَآ اُوْحِيَ اِلَيْكَ مِنَ الْكِتٰبِ وَاَقِمِ الصَّلٰوةَ ۭ اِنَّ الصَّلٰوةَ تَنْهٰى عَنِ ﴿٤٥﴾

৪৫। উত্‌লু মা ~ ঊ হিয়া ইলাইকা মিনাল্ কিতা-বি অআক্বিমিছ্ ছলা-হ্; ইন্নাছ্ ছলা-তা তান্‌হা-'আনিল্
(৪৫) আপনার প্রতি কিতাব থেকে যা ওহী করা হয়েছে তা পাঠ করুন; নামায কায়েম করুন, নিশ্চয়ই নামায অশ্লীল, মন্দকাজ

الْفَحْشَاۗءِ وَالْمُنْكَرِ ۭ وَلَذِكْرُ اللّٰهِ اَكْبَرُ ۭ وَاللّٰهُ يَعْلَمُ مَا تَصْنَعُوْنَ ﴿٤٥﴾ وَلَا تُجَادِلُوْٓا

ফাহ্‌শা — য়ি অল্ মুন্‌কার্; অ লাযিক্‌রুল্লা-হি আক্‌বার্; অল্লা-হু ইযা'লামু মা-তাছ্‌না'উন্। ৪৬। অলা-তুজা-দিলূ ~
হতে বিরত রাখে। এবং আল্লাহর স্মরণই শ্রেষ্ঠ। আল্লাহ তোমাদের কৃতকর্মের খবর রাখেন। (৪৬) তোমরা উত্তম পন্থা

اَهْلَ الْكِتٰبِ اِلَّا بِالَّتِيْ هِيَ اَحْسَنُ ڰ اِلَّا الَّذِيْنَ ظَلَمُوْا مِنْهُمْ وَقُوْلُوْٓا اٰمَنَّا

আহ্‌লাল্ কিতা-বি ইল্লা- বিল্লাতী হিয়া আহ্‌সানু ইল্লাল্লাযীনা জোয়ালামূ মিন্‌হুম্ অক্বূলূ ~ আমান্না-
ছাড়া কিতাবধারীদের সঙ্গে তর্ক করবে না, তবে তাদের মধ্যে যারা জালিম তাদের সঙ্গে করতে পার; বলুন, আমাদের ও

بِالَّذِيْٓ اُنْزِلَ اِلَيْنَا وَاُنْزِلَ اِلَيْكُمْ وَاِلٰهُنَا وَاِلٰهُكُمْ وَاحِدٌ وَّنَحْنُ لَهٗ

বিল্লাযী ~ উনযিলা ইলাইনা-অ উন্‌যিলা ইলাইকুম্ অ ইলা-হুনা- অইলা-হুকুম্ ওয়া-হিদুঁও অনাহ্‌নু লাহূ
তোমাদের ওপর যা নাযিল হয়েছে সে বিষয়ের প্রতি আমরা বিশ্বাস রাখি; আমাদের ইলাহ ও তোমাদের ইলাহ একই; আর আমরা তার

مُسْلِمُوْنَ ﴿٤٦﴾ وَكَذٰلِكَ اَنْزَلْنَآ اِلَيْكَ الْكِتٰبَ ۭ فَالَّذِيْنَ اٰتَيْنٰهُمُ الْكِتٰبَ

মুস্‌লিমূন্। ৪৭। অকাযা-লিকা আন্ যাল্‌না ~ ইলাইকাল্ কিতাব্; ফাল্লাযীনা আ-তাইনা-হুমুল্ কিতাবা
নিকটই সমর্পিত। (৪৭) এভাবে আমি কোরআন অবতীর্ণ করেছি; সুতরাং যাদেরকে আমি কিতাব প্রদান করেছি তারা এতে

يُؤْمِنُوْنَ بِهٖ ۚ وَمِنْ هٰٓؤُلَاۗءِ مَنْ يُّؤْمِنُ بِهٖ ۭ وَمَا يَجْحَدُ بِاٰيٰتِنَآ اِلَّا الْكٰفِرُوْنَ ﴿٤٧﴾

ইয়ু'মিনূনা বিহী অমিন্ হা ~ উলা — য়ি মাইঁ ইয়ু'মিনু বিহ্; অমা-ইয়াজ্‌হাদু বিআ-ইয়া -তিনা ~ ইল্লাল্ কা-ফিরূন্।
বিশ্বাস করে, আর এদের মধ্যেও কেউ কেউ বিশ্বাস করে; এবং কাফেররা ছাড়া আর কেউ আমার আয়াত অস্বীকার করে না।

وَمَا كُنْتَ تَتْلُوْا مِنْ قَبْلِهٖ مِنْ كِتٰبٍ وَّلَا تَخُطُّهٗ بِيَمِيْنِكَ اِذًا لَّارْتَابَ ﴿٤٨﴾

৪৮। অমা-কুন্‌তা তাত্‌লূ মিন্ ক্বব্‌লিহী মিন্ কিতা-বিঁও অলা-তাখুত্ব্‌হূ বিইয়ামীনিকা ইযাল্ লার্‌তা-বাল্
(৪৮) আপনি তো ইতোপূর্বে কোন কিতাব পাঠ করেন নি, স্বহস্তে কোন কিতাব লিখেনও নি, যাতে মিথ্যাচারীদের সন্দেহের

الْمُبْطِلُوْنَ ﴿٤٨﴾ بَلْ هُوَ اٰيٰتٌۢ بَيِّنٰتٌ فِيْ صُدُوْرِ الَّذِيْنَ اُوْتُوا الْعِلْمَ ۭ وَمَا

মুব্‌ত্বিলূন্। ৪৯। বাল্ হুওয়া আ-ইয়া-তুম্ বাইয়্যিনা-তুন্ ফী ছুদূরিল্ লাযীনা উতুল্ 'ইল্‌ম্; অমা-
অবকাশ থাকতে পারে। (৪৯) বরং এ কিতাব তো সুস্পষ্ট নিদর্শন তাদের অন্তরে, যাদেরকে জ্ঞান দেয়া হয়েছে। কেবল

আয়াত-৪৫ ঃ নামায মন্দ কাজ থেকে বিরত রাখার এক অর্থ হতে পারে– নামাযের মধ্যে আল্লাহর বৈশিষ্ট্যের কারণে এটি নামাযীকে মন্দ কাজ হতে ফিরিয়ে রাখে। দুই– নামাযের আকার-আকৃতি ও যিকির চায় যে, যেই নামাযী একমাত্র মহান আল্লাহর সম্মুখে স্বীয় দাসত্ব ও আনুগত্যের স্বীকৃতি প্রদান করল, সে মসজিদের বাইরে এসে যেন তাঁর সাথে ওয়াদা ভঙ্গ এবং অন্যায় না করে। (মুঃ কোঃ) হযরত আবূ হুরায়রা (রাঃ) হতে বর্ণিত আছে য, জনৈক ব্যক্তি রাসূলুল্লাহ(ছঃ) এর কাছে এসে আরয করলেন ঃ অমুক ব্যক্তি রাতে তাহাজ্জুদ পড়ে এবং প্রাতে চুরি করে। তিনি বললেন, শীগ্রই নামায তাকে চুরি হতে ফিরিয়ে রাখবে। (মাঃ কোঃ)

يَجْحَدُ بِاٰيٰتِنَآ اِلَّا الظّٰلِمُوْنَ ﴿٥٠﴾ وَقَالُوْا لَوْلَآ اُنْزِلَ عَلَيْهِ اٰيٰتٌ مِّنْ رَّبِّهٖ ؕ

ইয়াজ্‌হাদু বিআ-ইয়া-তিনা ~ ইল্লাজ্ জোয়ালিমূন্। ৫০। অক্‌-লূ লাওলা ~ উন্‌যিলা 'আলাইহি আ-ইয়া-তুম্ মির্ রব্বিহ্;
জালিমরাই আমার নিদর্শন অমান্য করে। (৫০) তারা বলে তাদের রবের পক্ষ হতে তার নিকট নিদর্শন আসে না কেন?

قُلْ اِنَّمَا الْاٰيٰتُ عِنْدَ اللّٰهِ ؕ وَاِنَّمَآ اَنَا نَذِيْرٌ مُّبِيْنٌ ﴿٥١﴾ اَوَلَمْ يَكْفِهِمْ اَنَّا

কু্ল্ ইন্নামাল্ আ-ইয়া-তু 'ইন্‌দাল্লা-হ্; অইন্নামা ~ আনা নাযীরুম্ মুবীন্। ৫১। আওয়ালাম্ ইয়াক্‌ফিহিম্ আন্না ~
বলুন, নিদর্শন তো আল্লাহর কাছে। আমি তো কেবল স্পষ্ট সতর্ককারী মাত্র। (৫১) এটি কি তাদের জন্য যথেষ্ট নয় যে,

اَنْزَلْنَا عَلَيْكَ الْكِتٰبَ يُتْلٰى عَلَيْهِمْ ؕ اِنَّ فِيْ ذٰلِكَ لَرَحْمَةً وَّذِكْرٰى لِقَوْمٍ

আন্‌যাল্‌না 'আলাইকাল্ কিতা-বা ইয়ুত্‌লা- 'আলাইহিম্; ইন্না ফী যা-লিকা লারহ্‌মাতাঁও অযিক্‌র-লিকওমিঁই
আপনাকে কোরআন প্রদান করেছি যা তাদের শুনানোর জন্য পাঠ করা হয়? এতে মু'মিনদের জন্য রহমত ও উপদেশ

৫ ৭ ১ রুকু

يُّؤْمِنُوْنَ ﴿٥٢﴾ قُلْ كَفٰى بِاللّٰهِ بَيْنِيْ وَبَيْنَكُمْ شَهِيْدًا ۚ يَعْلَمُ مَا فِي السَّمٰوٰتِ

ইয়ু'মিনূন্। ৫২। ক্বু্ল্ কাফা-বিল্লা-হি বাইনী অবাইনাকুম্ শাহীদান্ ইয়া'লামু মা-ফিস্ সামা-ওয়া-তি
রয়েছে। (৫২) আপনি বলুন, আমার ও তোমাদের মাঝে আল্লাহই সাক্ষী হিসাবে যথেষ্ট। আকাশ মণ্ডলী ও পৃথিবীর সব কিছু

وَالْاَرْضِ ؕ وَالَّذِيْنَ اٰمَنُوْا بِالْبَاطِلِ وَكَفَرُوْا بِاللّٰهِ ۙ اُولٰٓئِكَ هُمُ الْخٰسِرُوْنَ ﴿٥٣﴾ وَ

অল্ আর্‌দ্ব; অল্লাযীনা আ-মানূ বিল্ বা-ত্বিলি অকাফারূ বিল্লা-হি উলা — য়িকা হুমুল্ খ-সিরূন্। ৫৩। অ
তিনি জানেন; যারা বাতিলের প্রতি বিশ্বাসী ও আল্লাহর প্রতি অবিশ্বাসী, তারাই ক্ষতিগ্রস্ত। (৫৩) এবং তারা আপনাকে

يَسْتَعْجِلُوْنَكَ بِالْعَذَابِ ؕ وَلَوْلَآ اَجَلٌ مُّسَمًّى لَّجَآءَهُمُ الْعَذَابُ ؕ وَلَيَاْتِيَنَّهُمْ

ইয়াস্‌তা'জ্বিলূ নাকা বিল্'আযা-ব্; অ লাওলা ~ আজ্বালুম্ মুসাম্মা ল্লাজ্বা — য়া হুমুল্ 'আযা-ব্; অ লাইয়া''তিয়ান্নাহুম্
শাস্তি ত্বরান্বিত করতে বলে, এবং যদি নির্ধারিত কাল না থাকতো, তবে শাস্তি আসত। তাদের অজ্ঞাতসারে আকস্মিক শাস্তি

بَغْتَةً وَّهُمْ لَا يَشْعُرُوْنَ ﴿٥٤﴾ يَسْتَعْجِلُوْنَكَ بِالْعَذَابِ ؕ وَاِنَّ جَهَنَّمَ لَمُحِيْطَةٌ

বাগ্‌তাতাঁও অহুম্ লা- ইয়াশ্'উরূন্। ৫৪। ইয়াস্‌তা'জ্বিলূনাকা বিল্'আযা-ব্; অইন্না জ্বাহান্নামা লামুহীত্বোয়াতুম্
আগমন করে কিন্তু তারা টেরও পাবে না। (৫৪) আর তারা শাস্তি তরান্বিত করতে আপনাকে পীড়াপীড়ি করে, জাহান্নাম

بِالْكٰفِرِيْنَ ﴿٥٥﴾ يَوْمَ يَغْشٰىهُمُ الْعَذَابُ مِنْ فَوْقِهِمْ وَمِنْ تَحْتِ اَرْجُلِهِمْ وَ

বিল্ কা-ফিরীন্। ৫৫। ইয়াওমা ইয়াগ্‌শা-হুমুল্ 'আযা-বু মিন্ ফাওক্বিহিম্ অমিন্ তাহ্‌তি আর্‌জু্লিহিম্ অ
কাফেরদের বেষ্টন করবেই,। (৫৫) সেদিন তাদেরকে উর্ধ্ব ও অধঃ হতে শাস্তি আচ্ছন্ন করবে; এবং তিনি বলবেন, এখন

يَقُوْلُ ذُوْقُوْا مَا كُنْتُمْ تَعْمَلُوْنَ ﴿٥٦﴾ يٰعِبَادِيَ الَّذِيْنَ اٰمَنُوْٓا اِنَّ اَرْضِيْ وَاسِعَةٌ

ইয়াক্বূলু যূক্বূ মা-কুন্‌তুম্ তা'মালূন্। ৫৬। ইয়া'ইবা-দিয়াল্ লাযীনা আ-মানূ ~ ইন্না আর্‌দ্বী ওয়া-সি'আতুন্
তোমরা তোমাদের কর্মের মজা উপভোগ কর। (৫৬) হে আমার মু'মিন বান্দাহ্‌রা! আমার ভুবন প্রশস্ত, কাজেই তোমরা

فَإِيَّايَ فَاعْبُدُونِ ﴿٥٦﴾ كُلُّ نَفْسٍ ذَائِقَةُ الْمَوْتِ ثُمَّ إِلَيْنَا تُرْجَعُونَ ﴿٥٧﴾

ফাইয়্যা-ইয়া ফা'বুদূন্। ৫৭। কুল্লু নাফ্‌সিন্ যা — য়িক্বাতুল্ মাউতি ছুম্মা ইলাইনা-তুর্‌জা'উন্।
কেবল আমারই দাসত্ব কর। (৫৭) প্রত্যেক জীবই মৃত্যুর স্বাদ গ্রহণ করবে। পরে আমার কাছেই প্রত্যাবর্তন করবে।

وَالَّذِينَ آمَنُوا وَعَمِلُوا الصَّالِحَاتِ لَنُبَوِّئَنَّهُم مِّنَ الْجَنَّةِ غُرَفًا تَجْرِي مِن

৫৮। অল্লাযীনা আ-মানূ অ 'আমিলুছ্ ছোয়া-লিহা-তি লা নুবাওয়্যিয়ান্নাহুম্ মিনাল্ জ্বান্নাতি গুরাফান্ তাজ্‌রী মিন্
(৫৮) আর যারা মু'মিন ও নেক কাজ করবে তাদের আবাসের জন্য জান্নাতে উচ্চ প্রাসাদসমূহ দেব, যার নিচ দিয়ে নহর

تَحْتِهَا الْأَنْهَارُ خَالِدِينَ فِيهَا ۚ نِعْمَ أَجْرُ الْعَامِلِينَ ﴿٥٨﴾ الَّذِينَ صَبَرُوا وَعَلَىٰ رَبِّهِمْ

তাহ্‌তিহাল্ আন্‌হা-রু খ-লিদীনা ফীহা-; নি'মা-আজ্‌রুল্ 'আ-মিলীন্। ৫৯। আল্লাযীনা ছবারূ অ'আলা-রব্বিহিম্
প্রবাহিত, তারা সেখানে অনন্তকাল অবস্থান করবে, নেক্কারদের প্রতিদান কতই না উত্তম, (৫৯) যারা ধৈর্যশীল ও আপন রবের

يَتَوَكَّلُونَ ﴿٥٩﴾ وَكَأَيِّن مِّن دَابَّةٍ لَّا تَحْمِلُ رِزْقَهَا اللَّهُ يَرْزُقُهَا وَإِيَّاكُمْ

ইয়াতাওয়াক্কালূন্। ৬০। অ কাআইয়্যিম্ মিন্ দা — ব্বাতিল্ লা-তাহ্‌মিলু রিয্‌ক্বহা-আল্লা-হু ইয়ারযুক্‌হা-অইয়্যাকুম্
ওপর নির্ভরশীল। (৬০) অনেক জীবই নিজেদের খাদ্য জমা রাখে না, আল্লাহই তাদেরকে ও তোমাদেরকে রিযিক দেন;

وَهُوَ السَّمِيعُ الْعَلِيمُ ﴿٦٠﴾ وَلَئِن سَأَلْتَهُم مَّنْ خَلَقَ السَّمَاوَاتِ وَالْأَرْضَ وَسَخَّرَ

অহুওয়াস্ সামী'উল্ 'আলীম্। ৬১। অলায়িন সায়াল্‌তাহুম্ মান্ খলাক্বস্ সামা-ওয়া-তি অল্ আর্‌দ্বোয়া অসাখ্‌খরশ্
তিনি সব শুনেন, জানেন। (৬১) যদি তাদেরকে জিজ্ঞাসা করেন, কে সৃষ্টি করেছেন আকাশ মণ্ডল ও ভূ-মণ্ডল, সূর্য-চন্দ্রকে

الشَّمْسَ وَالْقَمَرَ لَيَقُولُنَّ اللَّهُ ۖ فَأَنَّىٰ يُؤْفَكُونَ ﴿٦١﴾ اللَّهُ يَبْسُطُ الرِّزْقَ لِمَن

শাম্‌সা অল্ ক্বমার লাইয়াক্বূলুন্নাল্লা-হু ফাআন্না- ইয়ু''ফাকূন্। ৬২। আল্লা-হু ইয়াব্‌সুত্বুর্ রিয্‌ক্ব লিমাই
কে নিয়ন্ত্রিত করছেন"? তারা অবশ্যই বলবে, 'আল্লাহ'। তারা বিভ্রান্ত হয়ে কোথায় যাচ্ছে। (৬২) আল্লাহ যাকে ইচ্ছা তাঁর

يَشَاءُ مِنْ عِبَادِهِ وَيَقْدِرُ لَهُ ۚ إِنَّ اللَّهَ بِكُلِّ شَيْءٍ عَلِيمٌ ﴿٦٢﴾ وَلَئِن سَأَلْتَهُم مَّن

ইয়্যাশা — য়ু মিন্ 'ঈবাদিহী অ ইয়াক্বদিরু লাহ্; ইন্নাল্লা-হা বিকুল্লি শাইয়্যিন্ 'আলীম্। ৬৩। অলায়িন্ সায়াল্‌তাহুম্ মান্
রিযিক বৃদ্ধি করে দেন এবং যাকে ইচ্ছা সীমিত করে দেন; নিশ্চয়ই আল্লাহ সর্বজ্ঞানী। (৬৩) যদি তাদেরকে জিজ্ঞাসা করেন,

نَّزَّلَ مِنَ السَّمَاءِ مَاءً فَأَحْيَا بِهِ الْأَرْضَ مِن بَعْدِ مَوْتِهَا لَيَقُولُنَّ اللَّهُ ۚ قُلِ

নায্‌যালা মিনাস্ সামা — য়ি মা — য়ান্ ফাআহ্‌ইয়া-বিহিল্ আর্‌দ্বোয়া মিম্ বা'দি মাওতিহা-লাইয়াক্বূলুন্নাল্লা-হ্; কুলিল্
আসমানের বৃষ্টি বর্ষণ দ্বারা মৃত ভুবনকে কে জীবিত করে? নিশ্চয়ই তারা বলবে, 'আল্লাহ'। আপনি বলুন, আল্লাহ্‌র জন্য সকল

শানেনুযূল ঃ আয়াত-৫৬ ঃ ইসলামের প্রাথমিক যুগে অসহায় মুসলমানেরা নিজেদের শক্তিহীনতা এবং সংখ্যালঘু হওয়ার কারণে কাফেরদের খপ্পরে আটকা পড়েছিল। এ অবস্থা অদ্বিতীয় লা শরীক আল্লাহর এবাদতে দারুণ অন্তরায় সৃষ্টি হয়েছিল। ফলে ৮০ থকে ৮৩ পরিবার আবিসিনিয়ায় (বর্তমান ইথিওপিয়ায়) হিজরত করেন। আর রাসূলে কারীম (ছঃ) অবশিষ্ট সাহাবীদের নিয়ে মদীনায় হিযরত করেন। কিন্তু কিছু সংখ্যক মুসলমান জীবনোপকরণ সম্পর্কের বন্ধনে এবং পাথেয় স্বল্পতা ও দুর্বলতার কারণে মক্কায়ই অবস্থান করছিলেন। তখন এ আয়াতটি অবতীর্ণ হয়। শানেনুযূল ঃ আয়াত-৬০ ঃ আল্লামা বগবী সনদ সহকারে হযরত ইবনে ওমর (রাঃ) হতে বর্ণনা করেন, তিনি রাসূলে কারীম (ছঃ)-এর সঙ্গে জনৈক আনসারীর বাগানে প্রবেশ করেন। সেখানে রাসূল (ছঃ) মাটিতে পড়ে থাকা কয়েকটি খেজুর কুড়িয়ে খেলেন এবং হযরত ইবনে ওমরকে খেতে বললেন।

ع ১২ ৬ ২ রুকু

ওয়াকফে গায়েম

الْحَمْدُ لِلَّهِ ۚ بَلْ أَكْثَرُهُمْ لَا يَعْقِلُونَ ﴿٦٤﴾ وَمَا هَٰذِهِ الْحَيَاةُ الدُّنْيَا إِلَّا لَهْوٌ

হাম্‌দু লিল্লা-হ্; বাল্ আক্‌ছারুহুম্ লা-ইয়া'ক্বিলূন্। ৬৪। অমা-হা-যিহিল্ হা-ইয়া-তুদ্ দুন্‌ইয়া ~ ইল্লা-লাহ্‌য়ুঁও
প্রশংসা। কিন্তু তাদের অনেকেই তা উপলব্ধি করে না।(৬৪) আর এ দুনিয়ার জীবন তো ক্রীড়া-কৌতুক ব্যতীত আর কিছু

وَلَعِبٌ ۚ وَإِنَّ الدَّارَ الْآخِرَةَ لَهِيَ الْحَيَوَانُ ۚ لَوْ كَانُوا يَعْلَمُونَ ﴿٦٥﴾ فَإِذَا

অলা'ইব্; অ ইন্নাদ্দা-রল্ আ-খিরতা লাহিয়াল্ হাইয়াওয়া-ন্। লাও কা-নূ ইয়া'লামূন্। ৬৫। ফাইযা-
নয়। নিশ্চয়ই প্রকৃত জীবন পরকালের জীবনই; যদি তারা তা জানতে পারত (তবে এরূপ করত না)(৬৫) অতঃপর যখন

رَكِبُوا فِي الْفُلْكِ دَعَوُا اللَّهَ مُخْلِصِينَ لَهُ الدِّينَ ۚ فَلَمَّا نَجَّاهُمْ إِلَى الْبَرِّ

রকিবূ ফিল্‌ফুল্‌কি দা'আয়ু ল্লা-হা মুখ্‌লিছীনা লাহুদ্দীনা-ফালাম্মা- নাজ্জাহুম্ ইলাল্ বার্‌রি
তারা নৌকায় চড়ে তখন তারা একনিষ্ঠভাবে আল্লাহকে ডাকে; আবার যখন (আল্লাহ) তাদেরকে স্থলে উদ্ধার করে দেন,

إِذَا هُمْ يُشْرِكُونَ ﴿٦٦﴾ لِيَكْفُرُوا بِمَا آتَيْنَاهُمْ ۚ وَلِيَتَمَتَّعُوا ۖ فَسَوْفَ يَعْلَمُونَ ☆

ইযা-হুম্ ইয়ুশ্‌রিকূন্ ।৬৬। লিইয়াক্‌ফুরূ বিমা ~ আ-তাইনা-হুম্ অ লিইয়াতামাত্তা'উ ফাসাওফা ইয়া'লামূন্।
তখনই শিরকে লিপ্ত হয়।(৬৬) যেন আমার দানকে অস্বীকার করে ও ভোগ করে; অচিরেই তারা সব কিছু জানতে পারবে।

﴿٦٧﴾ أَوَلَمْ يَرَوْا أَنَّا جَعَلْنَا حَرَمًا آمِنًا وَيُتَخَطَّفُ النَّاسُ مِنْ حَوْلِهِمْ ۚ

৬৭। আওয়ালাম্ ইয়ারও আন্না জ্বা'আল্‌না-হারমান্ আ-মিনাঁও অ ইয়ুতাখত্ব্‌ত্বোয়াফুন্ না-সু মিন্ হাওলিহিম্
(৬৭) তারা কি লক্ষ্য করছে না যে, হরমকে নিরাপদ আশ্রয়স্থল করলাম? অথচ এর চারপার্শ্বের লোকেরা আক্রান্ত হয়; তবুও

أَفَبِالْبَاطِلِ يُؤْمِنُونَ وَبِنِعْمَةِ اللَّهِ يَكْفُرُونَ ﴿٦٨﴾ وَمَنْ أَظْلَمُ مِمَّنِ افْتَرَىٰ عَلَى

আফাবিল্‌বা-ত্বিলি ইয়ু''মিনূনা অবিনি'মাতিল্লা-হি ইয়াক্‌ফুরূন্। ৬৮। অমান্ আজ্‌লামু মিম্মা-নিফ্ তারা-'আলা
কি এরা বাতিলের প্রতিই বিশ্বাস করবে আর আল্লাহর নেয়ামতসমূহকে অস্বীকার করবে? (৬৮) আর তার চেয়ে বড় মিথ্যাবাদী আর

اللَّهِ كَذِبًا أَوْ كَذَّبَ بِالْحَقِّ لَمَّا جَاءَهُ ۚ أَلَيْسَ فِي جَهَنَّمَ مَثْوًى لِلْكَافِرِينَ ☆

ল্লা-হি কাযিবান্ আও কায্‌যাবা বিল্ হাক্ব্‌ক্বি লাম্মা-জ্বা — য়াহূ; আলাইসা ফী জ্বাহান্নামা মাছ্‌ওয়াল্ লিল্‌কা-ফিরীন্।
কে, যে আল্লাহর ওপর মিথ্যা বলে বা তার কাছে আগত হককে মিথ্যা জানে? এ ধরনের কাফেরদের আবাস কি জাহান্নামে নয়?

ع ৭ ৬ ৩ রুকু

﴿٦٩﴾ وَالَّذِينَ جَاهَدُوا فِينَا لَنَهْدِيَنَّهُمْ سُبُلَنَا ۚ وَإِنَّ اللَّهَ لَمَعَ الْمُحْسِنِينَ ☆

৬৯। অল্লাযীনা জ্বা-হাদূ ফীনা- লানাহ্ দিয়ান্নাহুম্ সুবুলানা-; অ ইন্নাল্লা-হা লামা'আল্ মুহ্‌সিনীন্
(৬৯) এবং যারা আমার পথে চেষ্টা সাধনা করে, আমি তাদেরকে রাস্তা দেখাই। আর নিশ্চয়ই আল্লাহ পুণ্যবানদের সঙ্গে আছেন।

তিনি বললেন, ইয়া রাসূলুল্লাহ (ছঃ) আমার ক্ষুধা নেই। হুযূর (ছঃ) বললেন, আজ চতুর্থ দিনে আমি শুধু মাত্র এ খেজুরগুলো খেলাম। হযরত ইবনে ওমর (রাঃ) ইন্না লিল্লাহ পড়লেন এবং বললেন, আল্লাহর নিকট সাহায্য কামনা করা চাই। হুযূর (ছঃ) বললেন, ইবনে ওমর আমি চাইলে আল্লাহ আমাকে রোম ও পারস্য রাজ্যের অধিক পরিমাণ রাজত্ব দেবেন। কিন্তু আমার বাসনা হল একদিন ভুখা থাকা, যেন আল্লাহর স্মরণ করি এবং ধৈর্যের মহিমা অর্জন করতে পারি; আর একদিন পেট পুরে খাই যেন শোকর করি। হে ইবনে ওমর! তুমি যদি জীবিত থাক দেখবে অনেক দুর্বল ঈমানের লোক সারা বছরের জন্য খাদ্য সংগ্রহের ব্যবস্থা করে নেবে। তখন আলোচ্য আয়াতটি অবতীর্ণ হয়।

সূরা রূম্
মক্কাবতীর্ণ

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ
বিস্‌মিল্লা-হির রাহ্‌মা-নির রাহীম
পরম করুণাময় ও দয়ালু আল্লাহর নামে

আয়াত ঃ ৬০
রুকূ ঃ ৬

الٓمّٓ ﴿١﴾ غُلِبَتِ الرُّوْمُ ﴿٢﴾ فِيْٓ اَدْنَى الْاَرْضِ وَهُمْ مِّنْۢ بَعْدِ غَلَبِهِمْ سَيَغْلِبُوْنَ ۙ

১। আলিফ্ লা — ম্ মী — ম্ ।২। গুলিবাতির্ রূম্। ৩। ফী ~আদ্‌নাল্ আর্‌দ্বি অহুম্ মিম্ বা'দি গলাবিহিম্ সাইয়াগ্‌লিবূন্।
(১) আলিফ লাম মীম, (২) রোমীয়রা পরাজিত, (৩) পাশের দেশে, তবে তারা পরাজয়ের পর শীঘ্রই বিজয়ী হবে, ১

فِيْ بِضْعِ سِنِيْنَ ۭ لِلّٰهِ الْاَمْرُ مِنْ قَبْلُ وَمِنْۢ بَعْدُ ۭ وَيَوْمَىِٕذٍ يَّفْرَحُ الْمُؤْمِنُوْنَ ۙ ﴿٤﴾

ফী বিদ্‌'ই সিনীন্; লিল্লা-হিল্ আম্‌রু মিন্ ক্বব্‌লু অমিম্ বা'দ্; অ ইয়াওমায়িযিই ইয়াফ্‌রহুল্ মু''মিনূন্।
(৪) কয়েক বছরে মধ্যে। পূর্বেও সকল বিষয়ের ইখতিয়ার আল্লাহরই ছিল এবং পরেও তা থাকবে। আর সেদিন মু'মিনরা সন্তুষ্ট হবে।

بِنَصْرِ اللّٰهِ ۭ يَنْصُرُ مَنْ يَّشَاۗءُ ۭ وَهُوَ الْعَزِيْزُ الرَّحِيْمُ ۝ وَعْدَ اللّٰهِ ۭ لَا يُخْلِفُ

৫। বিনাছ্‌রিল্লা-হ্; ইয়ান্‌ছুরু মাইঁ ইয়াশা — য়্; অহুওয়াল্ 'আযীযুর্ রহীম্। ৬। অ'দাল্লা-হ্; লা-ইয়ুখ্‌লিফু
(৫) আল্লাহর সাহায্যের কারণে; তিনি যাকে ইচ্ছা সাহায্য করে থাকেন; তিনি পরাক্রমশালী, পরম দয়ালু। (৬) আর এটা আল্লাহর

اللّٰهُ وَعْدَهٗ وَلٰكِنَّ اَكْثَرَ النَّاسِ لَا يَعْلَمُوْنَ ۝ يَعْلَمُوْنَ ظَاهِرًا مِّنَ الْحَيٰوةِ

ল্লা-হু অ'দাহূ অলা-কিন্না আক্‌ছারান্না-সি লা-ইয়া'লামূন্। ৭। ইয়া'লামূনা জ্বোয়া-হিরম্ মিনাল্ হাইয়া-তিদ্
ওয়াদা; আল্লাহ তাঁর ওয়াদার খেলাফ কখনও করেন না; কিন্তু অনেক মানুষই তা অবগত নয়। (৭) তারা কেবল পার্থিব জীবনের

الدُّنْيَا ۡ وَهُمْ عَنِ الْاٰخِرَةِ هُمْ غٰفِلُوْنَ ۝ اَوَلَمْ يَتَفَكَّرُوْا فِيْٓ اَنْفُسِهِمْ ۭ مَا

দুন্‌ইয়া-অহুম্ 'আনিল্ আ-খিরতি হুম্ গ-ফিলূন্। ৮। আঅলাম্ ইয়াতাফাক্কারূ ফী ~ আন্‌ফুসিহিম্ মা-
বাহ্য দিকটাই অবগত, পরকাল সম্পর্কে তারা সম্পূর্ণ উদাসীন। (৮) তারা কি নিজেদের অন্তরে এচিন্তা করে না যে,

خَلَقَ اللّٰهُ السَّمٰوٰتِ وَالْاَرْضَ وَمَا بَيْنَهُمَآ اِلَّا بِالْحَقِّ وَاَجَلٍ مُّسَمًّى ۭ وَاِنَّ

খলাক্বল্লা-হুস্ সামা-ওয়া-তি অল্ আর্‌দ্বোয়া অমা-বাইনা হুমা ~ ইল্লা-বিল্ হাক্বি ক্বি অআজ্বালিম্ মুসাম্মা-অইন্না
আল্লাহ আকাশ মণ্ডল ও ভূ-মণ্ডল এবং এ দুয়ের মধ্যস্থিত সব কিছু যথাযথভাবে সৃষ্টি করেছেন নির্দিষ্ট কালের জন্য

টীকা-(১) রোম ও পারস্যের মধ্যে যুদ্ধ হচ্ছিল, রোমবাসীরা আহলে কিতাব হওয়ায় মু'মিনরা রোমের বিজয় কামনা করত। আর মুশরিকরা কামনা করত পারস্যের বিজয় । রোমী পরাজিত হলে মুশরিকরা আনন্দচিত্তে মু'মিনদের সাথে ঠাট্টা করতে লাগল। আল্লাহ পরবর্তীতে রোমের বিজয়ের কথা বলে দিলেন। ২য় হিজরীতে রোমের যেমন বিজয় হয় তেমনি মু'মিনরাও বদর প্রান্তে বিজয় লাভ করেন। শানেনুযূল ঃ হুযূর (ছঃ)-এর জীবদ্দশায় রোমে ছিল খৃষ্টানদের রাজত্ব, আর পারস্যে ছিল অগ্নি উপাসকদের রাজত্ব। পারস্যাধিপতি খসরু পারভেজ আপন দুই বীর বিক্রম নগরপতি সরদার শাহরিয়ার ও ফরখানের নেতৃত্বে একটি অগ্রবর্তী সেনাবাহিনী পাঠিয়ে রোম আক্রমণ করল এবং সীমান্তবর্তী কয়েকটি নগর অধিকার করে নিল। মোটকথা রোম পরাজয় বরণ করে। রোমের এ পরাজয়ের ফলে মক্কাবাসী কাফেররা মুসলমানদেরকে বিদ্রূপ করার সুযোগ পায়। রোমের পরাজয়ে মুসলমানরা বিমর্ষ হয়ে পড়ে। কারণ, তারা ছিল কিতাবী। আর পারস্যবাসীরা ছিল ধর্মহারা মুশরিক। তারা কোন কিতাব মানত না; মক্কার কাফেরদের অনুরূপ। মক্কার কাফেররা বিদ্রূপাত্মক হাসির সুরে বলতে লাগল; হে মুসলমান কওম! রোমবাসীদের ওপর পারস্যবাসীদের এ বিজয় আমাদের জন্য শুভ লক্ষণ। অগ্নি উপাসক পারস্যবাসীরা যেমন রোমবাসী কিতাবের অনুসারীদের ওপর বিজয় লাভ করেছে। আমরা প্রতিমা উপাসকরাও একদিন তোমাদের কোরআনের অনুসারীদের ওপর এরূপ বিজয় লাভ করব। তখন আয়াতটি অবতীর্ণ হয়।

كَثِيرًا مِّنَ النَّاسِ بِلِقَآءِ رَبِّهِمْ لَكَٰفِرُونَ ۝٩ أَوَلَمْ يَسِيرُوا۟ فِى ٱلْأَرْضِ

কাছীরাম্ মিনান্না-সি বিলিক্বা — য়ি রব্বিহিম্ লাকা-ফিরূন্। ৯। আওয়ালাম্ ইয়াসীরূ ফিল্ আর্দ্বি

অনেক মানুষই তাদের প্রতিপালকের সঙ্গে সাক্ষাৎকে স্বীকার করে না। (৯) তারা কি দুনিয়াতে ভ্রমণ করে দেখে না, তাদের

فَيَنظُرُوا۟ كَيْفَ كَانَ عَٰقِبَةُ ٱلَّذِينَ مِن قَبْلِهِمْ ۚ كَانُوٓا۟ أَشَدَّ مِنْهُمْ قُوَّةً وَأَثَارُوا۟

ফাইয়ান্জুরূ কাইফা কা-না 'আ-ক্বিবাতুল্লাযীনা মিন্ ক্বব্লিহিম্; কা-নূ ~ আশাদ্দা মিন্হুম্ কুওয়্যাতাঁও অআছারুল্

পূর্বে যারা ছিল তাদের পরিণতি কি হয়েছে? এদের তুলনায় তারা ছিল শক্তিতে প্রবল, তারা যমীন চাষ করত, এবং তারা যে পরিমাণ

ٱلْأَرْضَ وَعَمَرُوهَآ أَكْثَرَ مِمَّا عَمَرُوهَا وَجَآءَتْهُمْ رُسُلُهُم بِٱلْبَيِّنَٰتِ ۖ فَمَا كَانَ ٱللَّهُ

আর্দ্বোয়া অ 'আমারূহা ~ আক্ছার মিম্মা-'আমারূহা-অজ্বা — য়াত্হুম্ রুসুলুহুম্ বিল্বাইয়্যিনা-ত্ ফামা-কা-নাল্লা-হু

আবাদ করেছে, এরা আবাদ করছে তার চেয়েও অনেক বেশি। তাদের নিকট তাদের রাসূলরা সুস্পষ্ট প্রমাণ নিয়ে আগমন করেছিল।

لِيَظْلِمَهُمْ وَلَٰكِن كَانُوٓا۟ أَنفُسَهُمْ يَظْلِمُونَ ۝١٠ ثُمَّ كَانَ عَٰقِبَةَ ٱلَّذِينَ أَسَٰٓـُٔوا۟

লিইয়াজ্লিমাহুম্ অলা-কিন্ কা-নূ ~ আন্ফুসাহুম্ ইয়াজ্লিমূন্। ১০। ছুম্মা কা-না 'আ-ক্বিবাতাল্লাযীনা আসা — য়ুস্

আল্লাহ জালিম ছিলেন না; তারা নিজেরাই নিজেদের প্রতি জুলুম করেছে।(১০) অন্যায়কারীদের পরিণতি মন্দই হল; কেননা,

ع ১ ১০ ৪ রুকূ

ٱلسُّوٓأَىٰٓ أَن كَذَّبُوا۟ بِـَٔايَٰتِ ٱللَّهِ وَكَانُوا۟ بِهَا يَسْتَهْزِءُونَ ۝١١ ٱللَّهُ يَبْدَؤُا۟ ٱلْخَلْقَ ثُمَّ

সূ — য়া ~ আন্ কায্যাবূ বিআ-ইয়া-তিল্লা-হি অকা-নূ বিহা-ইয়াস্তাহ্যিয়ূন্। ১১। আল্লা-হু ইয়াব্দায়ুল্ খল্ক্ব ছুম্মা

তারা আল্লাহর আয়াতসমূহকে প্রত্যাখ্যান করত আর ঠাট্টা করত। (১১) আর আল্লাহ সৃষ্টির সূচনা করে পুনরাবৃত্তিও

يُعِيدُهُۥ ثُمَّ إِلَيْهِ تُرْجَعُونَ ۝١٢ وَيَوْمَ تَقُومُ ٱلسَّاعَةُ يُبْلِسُ ٱلْمُجْرِمُونَ ۝١٣ وَلَمْ

ইয়ু'ঈদুহূ ছুম্মা ইলাইহি তুর্জ্বা'উন্। ১২। অইয়াওমা তাক্বূমুস্ সা-'আতু ইয়ুব্লিসুল্ মুজ্বরিমূন্। ১৩। অলাম্

ঘটান, পরে তোমরা তাঁরই কাছে যাবে। (১২) এবং যেদিন কেয়ামত হবে, সেদিন পাপীরা হতাশ হবে। (১৩) আর দেবতারা

يَكُن لَّهُم مِّن شُرَكَآئِهِمْ شُفَعَٰٓؤُا۟ وَكَانُوا۟ بِشُرَكَآئِهِمْ كَٰفِرِينَ ۝١٤ وَيَوْمَ تَقُومُ

ইয়াকুল্লাহুম্ মিন্ শুরাকা — য়িহিম্ শুফা'আ — য়ু অকা-নূ বিশুরকা — য়িহিম্ কা-ফিরীন্। ১৪। অইয়াওমা তাক্বূমুস্

তাদের জন্য কোন সুপারিশ করবে না, তারাই দেবতাকে অস্বীকার করবে।(১৪) আর যেদিন কেয়ামত কায়েম হবে, সে দিন

ٱلسَّاعَةُ يَوْمَئِذٍ يَتَفَرَّقُونَ ۝١٥ فَأَمَّا ٱلَّذِينَ ءَامَنُوا۟ وَعَمِلُوا۟ ٱلصَّٰلِحَٰتِ فَهُمْ فِى

সা- 'আতু ইয়াওমায়িযিই ইয়াতাফার্ররকূন্। ১৫। ফাআম্মাল্লাযীনা আ-মানূ ওয়া'আমিলুছ্ ছোয়া-লিহা- তি ফাহুম্ ফী

সকল মানুষ পৃথক পৃথক হয়ে পড়বে। (১৫) অতএব যারা ঈমান এনেছিল এবং সৎকর্ম করেছিল তারা বেহেশতে

رَوْضَةٍ يُحْبَرُونَ ۝١٦ وَأَمَّا ٱلَّذِينَ كَفَرُوا۟ وَكَذَّبُوا۟ بِـَٔايَٰتِنَا وَلِقَآءِ ٱلْءَاخِرَةِ

রাওদ্বোয়াতিই ইয়ুহ্বারূন্। ১৬। অআম্মাল্লাযীনা কাফারূ অকায্যাবূ বিআ-ইয়া-তিনা- অ লিক্বা — য়িল্ আ-খিরতি

আনন্দে থাকবে। (১৬) আর যারা কুফুরী করেছিল এবং আমার আয়াতসমূহকে ও পরকালের সাক্ষাৎকে অবিশ্বাস করেছে

فَاُولٰٓئِكَ فِى الْعَذَابِ مُحْضَرُوْنَ ﴿١٧﴾ فَسُبْحٰنَ اللّٰهِ حِيْنَ تُمْسُوْنَ وَحِيْنَ

ফাউলা — য়িকা ফীল্ 'আযা-বি মুহ্দ্বোয়ারূন্। ১৭। ফাসুব্হা-না ল্লা-হি হীনা তুম্সূনা অহীনা

তাদেরকে শাস্তি প্রদান করা হবে। (১৭) সুতরাং তোমরা সকলে আল্লাহ তা'আলার পবিত্রতা ও মহিমা ঘোষণা কর সকাল-

تُصْبِحُوْنَ ﴿١٨﴾ وَلَهُ الْحَمْدُ فِى السَّمٰوٰتِ وَالْاَرْضِ وَعَشِيًّا وَّحِيْنَ تُظْهِرُوْنَ ٭

তুছ্বিহূন্। ১৮। অলাহুল্ হাম্দু ফিস্ সামা-ওয়া-তি অল্আর্দ্বি অ'আশিয়্যাঁও অহীনা তুজ্হিরূন্।

সন্ধ্যায়। (১৮) (কেননা) আর সকল প্রশংসা একমাত্র তাঁরই জন্য, রাতে ও দ্বিপ্রহরে, আকাশ মণ্ডল ও ভূমণ্ডলে।

﴿١٩﴾ يُخْرِجُ الْحَىَّ مِنَ الْمَيِّتِ وَيُخْرِجُ الْمَيِّتَ مِنَ الْحَىِّ وَيُحْىِ الْاَرْضَ

১৯। ইয়ুখ্রিজু্ল্ হাইয়্যা মিনাল্ মাইয়্যিতি অ ইয়ুখ্রিজু্ল্ মাইয়্যিতা মিনাল্ হাইয়্যি অইয়ুহ্য়িল্ আর্দ্বোয়া

(১৯) তিনিই বের করে আনেন নির্জীব হতে স্বজীবকে এবং স্বজীব হতে নির্জীবকে। আর তিনিই যমীনকে মৃত্যুর পর জীবন্ত ২ ع ৯ ৫ রুকু

بَعْدَ مَوْتِهَا ؕ وَكَذٰلِكَ تُخْرَجُوْنَ ﴿٢٠﴾ وَمِنْ اٰيٰتِهٖٓ اَنْ خَلَقَكُمْ مِّنْ تُرَابٍ

বা'দা মাওতিহা-অকাযা-লিকা তুখ্রাজূন্। ২০। অ মিন্ আ-ইয়াতিহী ~ আন্ খলাক্বকুম্ মিন্ তুরা-বিন্

করেন, এভাবেই তোমাদেরকেও করা হবে। (২০) তাঁর নিদর্শন, তিনি তোমাদেরকে মাটি হতে সৃষ্টি করেছেন, এরপর

ثُمَّ اِذَآ اَنْتُمْ بَشَرٌ تَنْتَشِرُوْنَ ﴿٢١﴾ وَمِنْ اٰيٰتِهٖٓ اَنْ خَلَقَ لَكُمْ مِّنْ اَنْفُسِكُمْ اَزْوَاجًا

ছুম্মা ইযা ~আন্তুম্ বাশারুন্ তান্তাশিরূন্।২১। অ মিন্ আ-ইয়া-তিহী ~ আন্ খলাক্ব লাকুম্ মিন্ আন্ফুসিকুম্ আয্ওয়াজ্বাল

তোমরা মানুষরূপে ছড়িয়ে পড়ছ। (২১) আর তাঁর আরেকটি নিদর্শন হল, তোমাদের মধ্য হতে সংগীনী সৃষ্টি করেছেন,

لِّتَسْكُنُوْٓا اِلَيْهَا وَجَعَلَ بَيْنَكُمْ مَّوَدَّةً وَّرَحْمَةً ؕ اِنَّ فِىْ ذٰلِكَ لَاٰيٰتٍ لِّقَوْمٍ

লিতাসুকুনূ ~ ইলাইহা-অজ্বা'আলা বাইনাকুম্ মাওয়াদ্দাতাঁও অরহ্মাহ্; ইন্না ফী যা-লিকা লাআ-ইয়া-তিল্ লিক্বওমিঁই

যেন তাদের কাছে তোমরা শান্তি পেতে পার; এবং পারস্পরিক ভালবাসা ও দয়া সৃষ্টি করেছেন। এতে চিন্তাশীলদের জন্য

يَّتَفَكَّرُوْنَ ﴿٢٢﴾ وَمِنْ اٰيٰتِهٖ خَلْقُ السَّمٰوٰتِ وَالْاَرْضِ وَاخْتِلَافُ اَلْسِنَتِكُمْ

ইয়াতাফাক্কারূন্। ২২। অ মিন্ আ-ইয়াতিহী খল্কু্স্ সামা-ওয়া-তি অল্আর্দ্বি অখ্তিলা-ফু আল্সিনাতিকুম্

নিদর্শন আছে। (২২) আরও তাঁর নিদর্শনের মধ্যে রয়েছে আকাশ ও পৃথিবী সৃষ্টি, তোমাদের ভাষা ও বর্ণের ভিন্নতা। নিশ্চয়ই

وَاَلْوَانِكُمْ ؕ اِنَّ فِىْ ذٰلِكَ لَاٰيٰتٍ لِّلْعٰلِمِيْنَ ﴿٢٣﴾ وَمِنْ اٰيٰتِهٖ مَنَامُكُمْ بِالَّيْلِ

অ আল্ওয়া-নিকুম্; ইন্না ফী যা-লিকা লাআ-ইয়া-তিল্ লিল্'আ-লিমীন্।২৩। অমিন্ আ-ইয়া-তিহী মানা-মুকুম্ বিল্লাইলি

এতে রয়েছে, যারা জ্ঞানী তাদের জন্য বহু নিদর্শনাবলী। (২৩) আর তাঁরই নিদর্শনাবলী হতে আরেক নিদর্শন হচ্ছে, রাত-দিনে

টীকা ঃ(১) আয়াত-২১ঃ আল্লাহ একটি গাছের দ্বারাই এবং জীব-জন্তুর দুটি দ্বারা বংশ বৃদ্ধি করেন। অতঃপর কোন জন্তুর জোড়া নির্ধারিত করে দেন, আবার কোনটির জোড়া নির্ধারিত করে দেন নি। মানুষের কিন্তু জোড়া নির্ধারিত করে দেন। এতে বংশ বৃদ্ধি ছাড়া দুনিয়াতে মহব্বতের সাথে বসবাস করার উদ্দেশ্যও নিহিত আছে। বিয়ের মাধ্যমে জোড়া নির্ধারিত না করলে মানুষ পশুতে গণ্য হবে। (মু কোঃ) আয়াত-২২ঃ মহান আল্লাহ তা'আলা সকল মানুষকে এক পিতা-মাতা দিয়ে পয়দা করে একত্রে বসবাসের ব্যবস্থা করেন। তার পর প্রত্যেকের ভাষা আলাদা করে দেন। ফলে এক দেশের মানুষ অন্য দেশের জন্তুর সাদৃশ্য হয়ে যায়। (মুঃ কোঃ)

وَالنَّهَارِ وَابْتِغَاؤُكُمْ مِنْ فَضْلِهِ ۚ إِنَّ فِي ذَٰلِكَ لَآيَاتٍ لِقَوْمٍ يَسْمَعُونَ ٭

অন্‌নাহা-রি অব্‌তিগ — য়ুকুম্ মিন্ ফাদ্ব্লিহ্; ইন্না ফী যা-লিকা লাআ-ইয়া-তিল্ লিক্বওমিঁ ইয়াস্‌মা'উন্।
তোমাদের নিদ্রা যাওয়া, এবং তাঁরই প্রদত্ত রিযিক তালাশ করা; নিশ্চয়ই শ্রোতাদের জন্য এতে বহু নিদর্শন রয়েছে।

(٢٤) وَمِنْ آيَاتِهِ يُرِيكُمُ الْبَرْقَ خَوْفًا وَطَمَعًا وَيُنَزِّلُ مِنَ السَّمَاءِ مَاءً فَيُحْيِي بِهِ

২৪। অ মিন্ আ-ইয়া-তিহী ইয়ুরীকুমুল্ বারক্ব খওফাঁও অত্বোয়ামা'আঁও অ ইয়ুনায্‌যিলু মিনাস্ সামা — য়ি মা — য়ান্ ফাইয়ুহ্‌য়ী বিহিল্
(২৪) তাঁর আরো নিদর্শনাবলীর মধ্যে রয়েছে, তিনি দেখিয়ে থাকেন ভয় ও আশারূপে বিদ্যুৎ, আর তিনি আকাশ হতে বৃষ্টি বর্ষণ করেন,

الْأَرْضَ بَعْدَ مَوْتِهَا ۚ إِنَّ فِي ذَٰلِكَ لَآيَاتٍ لِقَوْمٍ يَعْقِلُونَ (٢٥) وَمِنْ آيَاتِهِ أَنْ

আরদ্বোয়া বা'দা মাওতিহা- ইন্না ফী যা-লিকা লাআ-ইয়া-তি ল্লিক্বওমি ইয়া'ক্বিলূন্। ২৫। অ মিন্ আ-ইয়া-তিহী ~ আন্
যা দিয়ে ভূমিকে মৃত্যুর পর পুনরায় জীবিত করেন; নিশ্চয়ই এতে যারা জ্ঞানী তাদের জন্য বহু নিদর্শন রয়েছে। (২৫) আর তাঁর

تَقُومَ السَّمَاءُ وَالْأَرْضُ بِأَمْرِهِ ۚ ثُمَّ إِذَا دَعَاكُمْ دَعْوَةً ۖ مِنَ الْأَرْضِ ۖ إِذَا

তাক্বূমাস্ সামা — য়ু অল্ আর্‌দ্বু বিআম্‌রিহ্; ছুম্মা ইযা-দা'আ-কুম্ দা'ওয়াতাম্ মিনাল্ আর্‌দ্বি ইযা ~
নিদর্শনাবলীর আরেক নিদর্শন হচ্ছে, তাঁরই নির্দেশে আকাশ মণ্ডল ও ভূমণ্ডলের স্থিতি, আবার যখন তোমাদেরকে আহ্বান করা হবে

أَنْتُمْ تَخْرُجُونَ (٢٦) وَلَهُ مَنْ فِي السَّمَاوَاتِ وَالْأَرْضِ ۖ كُلٌّ لَهُ قَانِتُونَ (٢٧) وَهُوَ

আন্‌তুম্ তাখ্‌রুজূ্ন্। ২৬। অ লাহূ মান্ ফিস্‌সামা-ওয়া-তি অল্ আর্‌দ্বি; কুল্লু ল্লাহূ ক্বা-নিতূন্। ২৭। অহুওয়াল
তখন তোমরা যমীন থেকে উঠে আসবে। (২৬) আর সবই তাঁর, যা কিছু রয়েছে আকাশ ও পৃথিবীতে; সবাই তাঁর হুকুমাধিন। (২৭) তিনিই

• অর্ধাংশ ৩

الَّذِي يَبْدَأُ الْخَلْقَ ثُمَّ يُعِيدُهُ وَهُوَ أَهْوَنُ عَلَيْهِ ۚ وَلَهُ الْمَثَلُ الْأَعْلَىٰ فِي

লাযী ইয়াব্‌দায়ুল্ খল্ক্ব ছুম্মা ইয়ু'ঈদুহূ অহুওয়া আহ্‌ওয়ানু 'আলাইহ্; অলাহুল্ মাছালুল্ আ'লা-ফিস্
সৃষ্টির সূচনা করেন, তারপর পুনর্বার তিনিই সৃষ্টি করবেন, আর তাঁর কাছে এটি অতিব সহজ, তাঁর মর্যাদা আকাশ মণ্ডল ও

ع ৮/৬ রুকু

السَّمَاوَاتِ وَالْأَرْضِ ۚ وَهُوَ الْعَزِيزُ الْحَكِيمُ (٢٨) ضَرَبَ لَكُمْ مَثَلًا مِنْ أَنْفُسِكُمْ ۖ

সামা-ওয়া-তি অল্ আর্‌দ্বি অহুওয়াল্ 'আযীযুল্ হাকীম্। ২৮। দ্বোয়ারবা লাকুম্ মাছালাম্ মিন্ আন্‌ফুসিকুম্;
পৃথিবীতে সর্বোচ্চ; তিনি মহা পরাক্রমশালী, প্রজ্ঞাময়। (২৮) তিনি তোমাদের জন্য নিজেদের থেকে দৃষ্টান্ত প্রদান করছেন,

هَلْ لَكُمْ مِنْ مَا مَلَكَتْ أَيْمَانُكُمْ مِنْ شُرَكَاءَ فِي مَا رَزَقْنَاكُمْ فَأَنْتُمْ فِيهِ سَوَاءٌ

হাল্ লাকুম্ মিম্‌মা- মালাকাত্ আইমা-নুকুম্ মিন্ শুরাকা — য়া ফী মা-রযাক্বনা-কুম্ ফাআন্‌তুম্ ফীহি সাওয়া — য়ুন্
আমি তোমাদেরকে যে রিযিক্ প্রদান করলাম, তাতে কি তোমাদের দাস-দাসীরাও অংশীদার? তোমরা এ ব্যাপারে সমান?

تَخَافُونَهُمْ كَخِيفَتِكُمْ أَنْفُسَكُمْ ۚ كَذَٰلِكَ نُفَصِّلُ الْآيَاتِ لِقَوْمٍ يَعْقِلُونَ ٭

তাখ-ফূ নাহুম্ কাখীফাতিকুম্ আন্‌ফুসাকুম্; কাযা-লিকা নুফাছ্ ছিলুল্ আ-ইয়া-তি লিক্বওমিঁ ইয়া'ক্বিলূন্।
তাদেরকে কি ঐরূপ ভয় কর, যে রূপ তোমরা নিজের লোককে ভয় কর, এভাবেই জ্ঞানীদের জন্য নিদর্শন বর্ণনা করি।

بَلِ اتَّبَعَ الَّذِينَ ظَلَمُوا أَهْوَاءَهُم بِغَيْرِ عِلْمٍ ۚ فَمَن يَهْدِي مَنْ أَضَلَّ اللَّهُ ۖ ﴿٢٩﴾

২৯। বালিত্ তাবা'আল্লাযীনা জোয়ালামূ ~ আহ্ওয়া — য়াহুম্ বিগইরি 'ইল্‌মিন্ ফামাইঁ ইয়াহ্দী মান্ অদ্বোয়ায়াল্লাল্লা-হু;
(২৯) অথচ জালিমরা না জেনে কুপ্রবৃত্তির দাসত্ব করে; আল্লাহ যাকে পথভ্রষ্ট করেন, কে তাকে হেদায়াত প্রদান করবে? তাদের

وَمَا لَهُم مِّن نَّاصِرِينَ ﴿٣٠﴾ فَأَقِمْ وَجْهَكَ لِلدِّينِ حَنِيفًا ۚ فِطْرَتَ اللَّهِ الَّتِي فَطَرَ

অমা-লাহুম্ মিন্ না-ছিরীন্। ৩০। ফাআক্বিম্ অজ্‌হাকা লিদ্দীনি হানীফা-; ফিত্‌রাতা ল্লা-হি ল্লাতী ফাত্বোয়ারন্
জন্য কোন সাহায্যকারী নেই। (৩০) সুতরাং তুমি নিষ্ঠার সাথে নিজেকে দ্বীনের উপর দৃঢ়ভাবে প্রতিষ্ঠিত রেখ; আল্লাহর ফিতরাত

النَّاسَ عَلَيْهَا ۚ لَا تَبْدِيلَ لِخَلْقِ اللَّهِ ۚ ذَٰلِكَ الدِّينُ الْقَيِّمُ وَلَٰكِنَّ أَكْثَرَ

না-সা 'আলাইহা-; লা-তাব্‌দীলা লিখল্‌ক্বিল্লা-হ্; যা-লিকাদ্দীনুল্ ক্বাইয়্যিমু অলা-কিন্না আক্‌ছারন্
ইসলাম তা-ই, যাতে তিনি মানুষ সৃষ্টি করেছেন, আল্লাহর সৃষ্টিতে কোন পরিবর্তন নেই। এটাই সুপ্রতিষ্ঠিত দ্বীন। কিন্তু

النَّاسِ لَا يَعْلَمُونَ ﴿٣١﴾ مُنِيبِينَ إِلَيْهِ وَاتَّقُوهُ وَأَقِيمُوا الصَّلَاةَ وَلَا تَكُونُوا مِنَ

না-সি লা ইয়া'লামূন্। ৩১। মুনীবীনা ইলাইহি অত্তাক্বূহু অআক্বীমুছ্ ছলা-তা অলা-তাকূনূ মিনাল্
অনেকেই তা অবগত নয়। (৩১) তাঁর প্রতি রুজূ' হয়ে তাঁকেই ভয় কর এবং নামায কায়েম কর, আর মুশরিকদের অন্তর্ভুক্ত

الْمُشْرِكِينَ ﴿٣٢﴾ مِنَ الَّذِينَ فَرَّقُوا دِينَهُمْ وَكَانُوا شِيَعًا ۖ كُلُّ حِزْبٍ بِمَا لَدَيْهِمْ

মুশ্‌রিকীন্। ৩২। মিনাল্ লাযীনা ফার্‌রক্বূ দীনাহুম্ অকা-নূ শিয়া'আ-; কুল্লু হিয্‌বিম্ বিমা-লাদাইহিম্
হয়ো না; (৩২) যারা স্বীয় দ্বীনে মতভেদ সৃষ্টি করে নানা দলে বিভক্ত হয়েছে ১, তাদের প্রত্যেকেই নিজ নিজ দল নিয়ে

فَرِحُونَ ﴿٣٣﴾ وَإِذَا مَسَّ النَّاسَ ضُرٌّ دَعَوْا رَبَّهُم مُّنِيبِينَ إِلَيْهِ ثُمَّ إِذَا أَذَاقَهُم

ফারিহূন্। ৩৩। অ ইযা-মাস্‌সান্না-সা দুর্‌রুন্ দাআঁও রব্বাহুম্ মুনীবীনা ইলাইহি ছুম্মা ইযা ~ আযা-ক্বহুম্
পরিতুষ্ট। (৩৩) আর যখন মানুষ দুঃখ কষ্টে পতিত হয়, তখন তারা বিশুদ্ধচিত্তে তাদের রবকে আহ্বান করতে থাকে, তারপর

مِّنْهُ رَحْمَةً إِذَا فَرِيقٌ مِّنْهُم بِرَبِّهِمْ يُشْرِكُونَ ﴿٣٤﴾ لِيَكْفُرُوا بِمَا آتَيْنَاهُمْ ۚ

মিন্‌হু রহ্‌মাতান্ ইযা-ফারীক্বুম্ মিন্‌হুম্ বিরব্বিহিম্ ইয়ুশ্‌রিকূন্। ৩৪। লিইয়াক্‌ফুরূ বিমা ~ আ-তাইনা-হুম্;
অনুগ্রহ প্রাপ্ত হলে তাদের একদল রবের সাথে শরীকে লেগে যায়,(৩৪) যেন আমার দান অস্বীকার করতে পারে; সুতরাং আরো

فَتَمَتَّعُوا ۖ فَسَوْفَ تَعْلَمُونَ ﴿٣٥﴾ أَمْ أَنزَلْنَا عَلَيْهِمْ سُلْطَانًا فَهُوَ يَتَكَلَّمُ بِمَا كَانُوا

ফাতামাত্তা'উ ফাসাওফা তা'লামূন্। ৩৫। আম্ আন্‌যাল্‌না 'আলাইহিম্ সুল্‌ত্বোয়ানান্ ফাহুওয়া ইয়াতাকাল্লামু বিমা-কা-নূ
কিছু সময় তোমরা ভোগ কর, শীঘ্রই জানতে পারবে। (৩৫) আমি কি তাদেরকে এমন কোন দলিল দিয়েছি, যা তাদেরকে

আয়াত-৩২ ঃ টীকা ঃ (১) অর্থাৎ এ মুশরিক তারা, যারা স্বভাবধর্মে ও সত্যধর্মে বিভেদ সৃষ্টি করেছে অথবা স্বভাবধর্ম হতে আলাদা হয়ে গিয়েছে। ফলে তারা বিভিন্ন দলে বিভক্ত হয়ে পড়েছে। 'শিয়া 'আন' শব্দটি 'শিয়া 'আতান' এর বহুবচন। কোন একজন অনুসৃতের অনুসারী দলকে 'শিয়া'আতান' বলা হয়। (মাঃ কো) আয়াত-৩৩ ঃ মানব প্রকৃতি যেভাবে সৎ কর্মকে বুঝে, সেভাবে আল্লাহ্‌র প্রতি প্রত্যাবর্তীত হওয়াটাও অনুধাবন করে। তবে বিপদকালীন সময়ে এ সত্যের উন্মোচন ঘটে। (মুঃ কুঃ) আয়াত-৩৪ ঃ ধমকস্বরূপ আল্লাহ বলেন– আমার অবদানসমূহের অকৃজ্ঞতা প্রকাশ কর আর তার দ্বারা উপকৃত হও, অচিরেই বাস্তব অবস্থা পরিদর্শন করবে। যেমন কেউ বলে আমার সম্পদ নষ্ট করছ। ঠিক আছে আমি তোমার খবর নিয়ে ছাড়ব। (মাঃ কোঃ)

بِهٖ يُشْرِكُوْنَ ﴿٣٦﴾ وَاِذَآ اَذَقْنَا النَّاسَ رَحْمَةً فَرِحُوْا بِهَا ؕ وَاِنْ تُصِبْهُمْ سَيِّئَةٌ ۢبِمَا

বিহী ইয়ুশ্‌রিকূন্। ৩৬। অইযা ~ আযাক্ব্‌নান্ না-সা রহ্‌মাতান্ ফারিহূ বিহা-; অইন্ তুছিব্‌হুম্ সাইয়িয়াতুম্ বিমা-

শরীক করতে বলে? (৩৬) এবং যখন আমি মানুষকে করুণার স্বাদ আস্বাদন করাই, তখন তারা সন্তুষ্ট হয়, আর তারা যখন তাদের

قَدَّمَتْ اَيْدِيْهِمْ اِذَا هُمْ يَقْنَطُوْنَ ﴿٣٧﴾ اَوَلَمْ يَرَوْا اَنَّ اللّٰهَ يَبْسُطُ الرِّزْقَ لِمَنْ

ক্বদ্দামাত্ আইদীহিম্ ইযা-হুম্ ইয়াক্ব্‌নাত্বূন্। ৩৭। আওয়ালাম্ ইয়ারাও আন্নাল্লা-হা ইয়াব্‌সুত্বুর্ রিয্‌ক লিমাইঁ

কৃতকর্মের কারণে কোন দুর্দশার মধ্যে পতিত হয় তখন তারা হতাশ হয়ে পড়ে। (৩৭) তারা কি দেখে না যে, আর আল্লাহ যাকে

يَّشَآءُ وَيَقْدِرُ ؕ اِنَّ فِيْ ذٰلِكَ لَاٰيٰتٍ لِّقَوْمٍ يُّؤْمِنُوْنَ ﴿٣٨﴾ فَاٰتِ ذَا الْقُرْبٰى

ইয়াশা — য়ু অ ইয়াক্বদির্; ইন্না ফী যা-লিকা লা-আ-ইয়া-তিল্ লিক্বাওমিঁ ইয়ু''মিনূন্। ৩৮। ফাআ-তি যাল্ কু্রবা

ইচ্ছা করেন তার রিযিক প্রশস্ত ও সীমিত করে দেন? নিশ্চয়ই এতে মু'মিনদের জন্য নিদর্শন আছে। (৩৮) অআত্মীয়দেরকে

حَقَّهٗ وَالْمِسْكِيْنَ وَابْنَ السَّبِيْلِ ؕ ذٰلِكَ خَيْرٌ لِّلَّذِيْنَ يُرِيْدُوْنَ وَجْهَ اللّٰهِ ز

হাক্ব্‌ক্বহূ অল্‌মিস্‌কীনা অব্‌নাস্ সাবীল্; যা-লিকা খইরুল্ লিল্ লাযীনা ইয়ুরীদূনা অজ্‌হাল্লা-হি

তাদের প্রাপ্য হক প্রদান করো, মিসকীন ও পথিককেও। এটা সেসব লোকদের জন্য শ্রেয় যারা আল্লাহর সন্তুষ্টি কামনাকারী

وَاُولٰٓئِكَ هُمُ الْمُفْلِحُوْنَ ﴿٣٩﴾ وَمَآ اٰتَيْتُمْ مِّنْ رِّبًا لِّيَرْبُوَا۠ فِيْٓ اَمْوَالِ النَّاسِ

অউলা — য়িকা হুমুল্ মুফ্‌লিহূন্। ৩৯। অমা ~ আ-তাইতুম্ মির্ রিবাল্লিইয়ারবুওয়া ফী ~ আম্‌ওয়া-লিন্না-সি

আর এ ধরনের লোকেরাই সফলকাম।(৩৯) মানুষের ধন সম্পদে তোমাদের ধন সম্পদ বৃদ্ধি পাবে এ আশায় তোমরা যে সুদ

فَلَا يَرْبُوْا عِنْدَ اللّٰهِ ۚ وَمَآ اٰتَيْتُمْ مِّنْ زَكٰوةٍ تُرِيْدُوْنَ وَجْهَ اللّٰهِ فَاُولٰٓئِكَ

ফালা-ইয়ারবূ 'ইন্‌দাল্লা-হি অমা ~ আ-তাইতুম্ মিন্ যাকা-তিন্ তুরীদূনা অজ্‌হাল্লা-হি ফাউলা ~ য়িকা

প্রদান করে থাক, আল্লাহর দৃষ্টিতে তা বৃদ্ধি পায় না। পক্ষান্তরে তোমরা আল্লাহর সন্তুষ্টির উদ্দেশ্যে যে যাকাত প্রদান কর তা-ই

هُمُ الْمُضْعِفُوْنَ ﴿٤٠﴾ اَللّٰهُ الَّذِيْ خَلَقَكُمْ ثُمَّ رَزَقَكُمْ ثُمَّ يُمِيْتُكُمْ ثُمَّ يُحْيِيْكُمْ ؕ

হুমুল্ মুদ্ব্‌'ইফূন্। ৪০। আল্লা-হুল্ লাযী খলাক্বকুম্ ছুম্মা রযাক্বকুম্ ছুম্মা ইয়ুমীতুকুম্ ছুম্মা ইয়ুহ্‌য়ীকুম্ ;

বৃদ্ধি পায় তারাই সমৃদ্ধ। (৪০) আল্লাহ তোমাদেরকে সৃষ্টি করে রিযিক দিলেন; পরে মারবেন আবার জীবিত করবেন;

هَلْ مِنْ شُرَكَآئِكُمْ مَّنْ يَّفْعَلُ مِنْ ذٰلِكُمْ مِّنْ شَيْءٍ ؕ سُبْحٰنَهٗ وَتَعٰلٰى عَمَّا

হাল্ মিন্ শুরাকা — য়িকুম্ মাইঁ ইয়াফ্'আলু মিন্ যা-লিকুম্ মিন্ শাইয়িন্; সুব্‌হা-নাহূ অতা'আ-লা- 'আম্মা-

4
তোমাদের শরীকদের মাঝে এমন কোন দেবতা আছে কি, যে এর কোন একটিও করতে পারে? তিনি তা হতে পবিত্র ও বহু

ع
১৩
৭
রুকু

يُشْرِكُوْنَ ﴿٤١﴾ ظَهَرَ الْفَسَادُ فِي الْبَرِّ وَالْبَحْرِ بِمَا كَسَبَتْ اَيْدِي النَّاسِ

ইয়ুশ্‌রিকূন্। ৪১। জোয়াহারাল্ ফাসাদু ফিল্ বার্‌রি অল্‌বাহ্‌রি বিমা-কাসাবাত্ আইদিন্না-সি

ঊর্ধ্বে তারা যে শরীক করে। (৪১) স্থলভাগে ও পানিতে বিপর্যয় ছড়িয়ে পড়ে মানুষের কর্মের কারণে; যেন আল্লাহ তাদের

لِيُذِيقَهُم بَعْضَ الَّذِي عَمِلُوا لَعَلَّهُمْ يَرْجِعُونَ ﴿٤١﴾ قُلْ سِيرُوا فِي الْأَرْضِ

লিইয়ুযীক্বহুম্ বা'দ্বোয়াল্লাযী 'আমিলূ লা'আল্লাহুম্ ইয়ার্‌জ্বি'উন্। ৪২। ক্বুল্ সীরূ ফিল্ আর্‌দ্বি

কর্মের শাস্তি প্রদান করেন, যেন তারা (তা হতে) প্রত্যাবর্তীত হয়।(৪২) আপনি তাদেরকে বলে দিন, তোমরা পৃথিবীতে ভ্রমণ কর,

فَانظُرُوا كَيْفَ كَانَ عَاقِبَةُ الَّذِينَ مِن قَبْلُ ۚ كَانَ أَكْثَرُهُم مُّشْرِكِينَ ﴿٤٢﴾ فَأَقِمْ

ফান্‌জুরূ কাইফা কা-না 'আ-ক্বিবাতুল্লাযীনা মিন্ ক্বব্‌লু; কা-না আক্‌ছারুহুম্ মুশ্‌রিকীন্। ৪৩। ফাআক্বিম্

অতঃপর দর্শন কর, যারা পূর্বে গত হয়ে গিয়েছে তাদের পরিণতি কি হয়েছে? আর তাদের অনেকেই ছিল মুশরিক।(৪৩) সুতরাং

وَجْهَكَ لِلدِّينِ الْقَيِّمِ مِن قَبْلِ أَن يَأْتِيَ يَوْمٌ لَّا مَرَدَّ لَهُ مِنَ اللَّهِ يَوْمَئِذٍ

অজ্বহাকা লিদ্দীনিল্ ক্বাইয়্যিমি মিন্ কব্‌লি আই ইয়া''তিয়া ইয়াওমুল্ লা-মারদ্দা-লাহূ মিনাল্লা-হি ইয়াওমাইযিই

তুমি সত্য দ্বীনের প্রতি নিজেকে দৃঢ়ভাবে স্থির রাখ, এমন দিন আসার পূর্বে যে দিন আল্লাহর পক্ষ হতে অনিবার্য, সেদিন মানুষ

يَصَّدَّعُونَ ﴿٤٣﴾ مَن كَفَرَ فَعَلَيْهِ كُفْرُهُ ۖ وَمَنْ عَمِلَ صَالِحًا فَلِأَنفُسِهِمْ

ইয়াছ্ ছোয়াদ্দা'উন্। ৪৪। মান্ কাফার ফা'আলাইহি কুফ্‌রুহূ অমান্ 'আমিলা ছোয়া-লিহান্ ফালিআন্‌ফুসিহিম্

পরস্পর বিচ্ছিন্ন হয়ে পড়বে।(৪৪) কাফেরের কুফুরীর শাস্তি তারই ওপর পতিত হবে; যারা পুণ্যবান তারা নিজেদের জন্য

يَمْهَدُونَ ﴿٤٤﴾ لِيَجْزِيَ الَّذِينَ آمَنُوا وَعَمِلُوا الصَّالِحَاتِ مِن فَضْلِهِ ۚ إِنَّهُ

ইয়াম্‌হাদূন্। ৪৫। লিইয়াজ্‌যিয়াল্লাযীনা আ-মানূ অ'আমিলুছ্ ছোয়া-লিহা-তি মিন্ ফাদ্‌লিহ্; ইন্নাহূ

শয্যা রচনা করে।(৪৫) যেন মু'মিন ও পুণ্যবানদেরকে আল্লাহ নিজ অনুগ্রহে পুরস্কৃত করেন; নিশ্চয়ই তিনি কাফেরদেরকে

لَا يُحِبُّ الْكَافِرِينَ ﴿٤٥﴾ وَمِنْ آيَاتِهِ أَن يُرْسِلَ الرِّيَاحَ مُبَشِّرَاتٍ وَلِيُذِيقَكُم

লা-ইয়ুহিব্বুল্ কা-ফিরীন্। ৪৬। অমিন্ আ-ইয়া-তিহী ~ আই ইয়ুর্‌সিলার্ রিয়া-হা মুবাশ্‌শিরা-তিঁও অলিইয়ুযীক্বকুম্

ভালবাসেন না (৪৬) আর তাঁর নিদর্শনাবলীর একটি হল, তিনি বায়ু পাঠান বৃষ্টির সুসংবাদরূপে, অনুগ্রহের স্বাদরূপে

مِن رَّحْمَتِهِ وَلِتَجْرِيَ الْفُلْكُ بِأَمْرِهِ وَلِتَبْتَغُوا مِن فَضْلِهِ وَلَعَلَّكُمْ تَشْكُرُونَ ﴿٤٦﴾

মির্ রহমাতিহী অলিতাজ্‌রিয়াল্ ফুল্‌কু বিআম্‌রিহী অলিতাব্‌তাগূ মিন্ ফাদ্‌লিহী অলা'আল্লাকুম্ তাশ্‌কুরূন্।

এবং যেন তাঁর নির্দেশে নৌযান চলাচল করে এবং যাতে তোমরা তাঁর অনুগ্রহ খোঁজ করতে পার, যেন তোমরা কৃতজ্ঞ হও।

وَلَقَدْ أَرْسَلْنَا مِن قَبْلِكَ رُسُلًا إِلَىٰ قَوْمِهِمْ فَجَاءُوهُم بِالْبَيِّنَاتِ فَانتَقَمْنَا

৪৭। অলাক্বদ্ আর্‌সাল্‌না-মিন্ ক্বব্‌লিকা রুসুলান্ ইলা- ক্বওমিহিম্ ফাজ্বা — য়ুহুম্ বিল্‌বাইয়্যিনা-তি ফান্‌তাক্বম্‌না-

(৪৭) আপনার পূর্বে স্ব-স্ব সম্প্রদায়ে নিদর্শন দিয়ে রাসূল প্রেরণ করেছি। অতঃপর আমি পাপীদেরকে শাস্তি প্রদান করেছি

আয়াত-৪২ ঃ মক্কার মুশ্‌রিকদের শিরকের অভিযোগে অবতীর্ণ আয়াতসমূহের শানেনুযূল সম্বন্ধে ত্বাব্‌রানী আবদুল্লাহ ইবনে আব্বাস (রাঃ) হতে বর্ণনা করেন যে, তারা হজ্জ ব্যতীত মিল্লাতে ইব্রাহীমের সব ইবাদত পরিবর্তন ও তাওয়াফের সময় আল্লাহর নামের সাথে প্রতিমাদের নাম যুক্ত করত। অতঃপর আল্লাহ এ আয়াতসমূহ নাযিল করে মানুষের এই জাতীয় গুণাহের কারণে দুনিয়াতে দুর্ভিক্ষ, মহামারী ও নৌকা ডুবি ইত্যাদি বিপদের কথা বর্ণনা করেন। (ইব্‌ঃ কাঃ) আয়াত-৪৬ ঃ জল-স্থলে মানব অপরাধে বিপর্যয়ের পরও দয়ালু আল্লাহ দুনিয়ার নিয়ম-নীতি বিদ্যমান রাখেন। বায়ু রাশি চালু রাখেন যার উপকারিতা নিম্নরূপ-(১) এটি শীতলতা আনয়ন, শান্তি দান, বৃষ্টির সু-সংবাদ প্রদান করে। (২) এতে স্থলভাগে মানুষ জীবিত থেকে ফলে-ফুলে ও আহার্যে আল্লাহ্‌র যাবতীয় নেয়া'মতের স্বাদ উপভোগ করে। (তাফঃ হক্কানী)

مِنَ الَّذِينَ أَجْرَمُوا ۖ وَكَانَ حَقًّا عَلَيْنَا نَصْرُ الْمُؤْمِنِينَ ﴿٤٨﴾ اللَّهُ الَّذِي يُرْسِلُ

মিনাল্লাযীনা আজ্‌রমূ অকা-না হাক্বান্ 'আলাইনা- নাছ্‌রুল্ মু''মিনীন্। ৪৮। আল্লা-হুল্লাযী ইয়ুর্‌সিলুর্

আর যারা মু'মিন তাদেরকে সাহায্য প্রদান করা তো আমার দায়িত্ব। (৪৮) অতঃপর আল্লাহ বায়ু প্রেরণ করেন, যা মেঘ

الرِّيٰحَ فَتُثِيرُ سَحَابًا فَيَبْسُطُهُ فِي السَّمَاءِ كَيْفَ يَشَاءُ وَيَجْعَلُهُ كِسَفًا فَتَرَى

রিয়া-হা ফাতুছীরু সাহা-বান্ ফাইয়াব্‌সুতুহূ ফিস্ সামা — য়ি কাইফা ইয়াশা — য়ু অইয়াজ্‌'আলুহূ কিসাফান্ ফাতারল্

বহন করে, তিনি তাঁর ইচ্ছেমত আকাশ মণ্ডলে মেঘমালা ছড়িয়ে দেন, অতঃপর খণ্ড বিখণ্ড করে দেন; অতঃপর তুমি তার

الْوَدْقَ يَخْرُجُ مِنْ خِلٰلِهِ ۚ فَإِذَا أَصَابَ بِهِ مَنْ يَشَاءُ مِنْ عِبَادِهِ إِذَا هُمْ

অদ্‌ক্ব ইয়াখ্‌রুজু মিন্ খিলা-লিহী ফাইযা ~ আছোয়া-বা বিহী মাইঁ ইয়াশা — য়ু মিন্ 'ইবাদিহী ~ ইযা-হুম্

মেঘের মাঝেই বৃষ্টি দেখতে পাও; আর তিনি যখন স্বীয় বান্দাহ্‌দের মধ্যে তার ইচ্ছানুযায়ী মেঘমালাকে পৌঁছান, তখন তারা

يَسْتَبْشِرُونَ ﴿٤٩﴾ وَإِنْ كَانُوا مِنْ قَبْلِ أَنْ يُنَزَّلَ عَلَيْهِمْ مِنْ قَبْلِهِ لَمُبْلِسِينَ ☆

ইয়াস্‌তাব্‌শিরূন্। ৪৯। অইন্ কা-নূ মিন্ ক্বব্‌লি আইঁ ইয়ুনায্‌যালা 'আলাইহিম্ মিন্ ক্বব্‌লিহী লামুব্‌লিসীন্।

আনন্দিত হয়। (৪৯) এবং যদিও তাদের আনন্দিত হওয়ার পূর্বক্ষণে তারা তাদের উপর বৃষ্টি বর্ষণের পূর্বে নিরাশার মধ্যে ছিল।

﴿٥٠﴾ فَانْظُرْ إِلَىٰ آثَارِ رَحْمَتِ اللَّهِ كَيْفَ يُحْيِي الْأَرْضَ بَعْدَ مَوْتِهَا ۚ إِنَّ ذٰلِكَ

৫০। ফানজুর্ ইলা ~ আ-ছা-রি রহ্‌মাতিল্লা-হি কাইফা ইয়ুহ্‌য়িল্ আর্‌দ্বোয়া বা'দা মাওতিহা-; ইন্না যা-লিকা

(৫০) সুতরাং তোমরা আল্লাহর প্রদত্ত করুণার প্রতি দৃষ্টি দাও, কিভাবে তিনি মৃত যমীনকে জীবিত করেন তার মৃত্যুর পর,

لَمُحْيِ الْمَوْتَىٰ ۖ وَهُوَ عَلَىٰ كُلِّ شَيْءٍ قَدِيرٌ ﴿٥١﴾ وَلَئِنْ أَرْسَلْنَا رِيحًا فَرَأَوْهُ

লামুহ্‌য়িল্ মাওতা- অহুওয়া 'আলা-কুল্লি শাইয়িন্ ক্বদীর্। ৫১। অলায়িন্ আর্‌সাল্‌না-রীহান্ ফারয়াওহু

নিঃসন্দেহে তিনি মৃতকে জীবিত করবেনই। তিনিই সর্ব শক্তিমান। (৫১) এবং যদি আমি এমন বায়ু প্রেরণ করি যাতে শস্য

مُصْفَرًّا لَظَلُّوا مِنْ بَعْدِهِ يَكْفُرُونَ ﴿٥٢﴾ فَإِنَّكَ لَا تُسْمِعُ الْمَوْتَىٰ وَلَا تُسْمِعُ

মুছ্‌ফাররল্ লাজোয়াল্লূ মিম্ বা'দিহী ইয়াক্‌ফুরূন্। ৫২। ফাইন্নাকা লা-তুস্‌মি'উল্ মাওতা- অলা- তুস্‌মি'উছ্

পীতবর্ণ হয়, তখন তারা অবশ্যই অকৃতজ্ঞ হবে। (৫২) সুতরাং আপনি না মৃতকে আহ্বান শ্রবণ করাতে পারবেন, আর

الصُّمَّ الدُّعَاءَ إِذَا وَلَّوْا مُدْبِرِينَ ﴿٥٣﴾ وَمَا أَنْتَ بِهَادِ الْعُمْيِ عَنْ ضَلٰلَتِهِمْ ۖ

ছুম্মাদ্ দু'আ — য়া ইযা-অল্লাও মুদ্‌বিরীন্। ৫৩। অমা ~ আন্‌তা বিহা-দিল্ 'উম্‌য়ি 'আন্ দ্বোলা-লাতিহিম্

না পারবেন বধিরকে শ্রবণ করাতে; যখন তারা বিমুখ হয়। (৫৩) আর আপনি অন্ধকেও ভ্রষ্টতা হতে পথে আনতে পারবেন না।

৫ ع ১৩ ৮ রুকু

إِنْ تُسْمِعُ إِلَّا مَنْ يُؤْمِنُ بِآيٰتِنَا فَهُمْ مُسْلِمُونَ ﴿٥٤﴾ اللَّهُ الَّذِي خَلَقَكُمْ مِنْ

ইন্ তুস্‌মি'উ ইল্লা-মাইঁ ইয়ু''মিনু বিআ-ইয়া-তিনা- ফাহুম্ মুস্‌লিমূন্। ৫৪। আল্লা-হুল্ লাযী খলাক্বকুম্ মিন্

আপনি তো কেবল আয়াতে বিশ্বাসীদেরকেই শ্রবণ করাতে পারবেন, তারা সমর্পিত। (৫৪) আল্লাহ তিনিই, যিনি তোমাদেরকে

ضَعْفٍ ثُمَّ جَعَلَ مِنْ بَعْدِ ضَعْفٍ قُوَّةً ثُمَّ جَعَلَ مِنْ بَعْدِ قُوَّةٍ ضَعْفًا وَّشَيْبَةً ۚ

দু'ফিন্ ছুম্মা জ্বা'আলা মিম্ বা'দি দু'ফিন্ কু্ওয়্যাতান্ ছুম্মা জ্বা'আলা মিম্ বা'দি কু্ওয়্যাতিন্ দু'ফাঁও অশাইবাহ্;
দুর্বল অবস্থায় সৃষ্টি করেন, পরে শক্তি প্রদান করে, শক্তির পরে আবার প্রদান করেন দুর্বলতা ও বার্ধক্য। তিনি স্বীয় ইচ্ছামত

يَخْلُقُ مَا يَشَاءُ ۚ وَهُوَ الْعَلِيمُ الْقَدِيرُ ﴿٥٥﴾ وَيَوْمَ تَقُومُ السَّاعَةُ يُقْسِمُ الْمُجْرِمُونَ ۙ

ইয়াখ্লুকু্ মা-ইয়াশা — য়ু অহুওয়াল্ 'আলীমুল্ ক্বাদীর্। ৫৫। অইয়াওমা তাকু্মুস্ সা- 'আতু ইয়ুক্বসিমুল্ মুজ্রিমূন
সৃষ্টি করেন; তিনি মহাজ্ঞানী, শক্তিধর। (৫৫) আর যেদিন কেয়ামত কায়েম হবে, সেদিন পাপীরা শপথ করে বলবে যে, তারা কবরে

مَا لَبِثُوا غَيْرَ سَاعَةٍ ۚ كَذَٰلِكَ كَانُوا يُؤْفَكُونَ ﴿٥٦﴾ وَقَالَ الَّذِينَ أُوتُوا الْعِلْمَ

মা-লাবিছূ গইরা সা-'আহ্; কাযা-লিকা কা-নূ ইয়ু''ফাকূন্। ৫৬। অক্বা-লাল্ লাযীনা ঊতুল্ 'ইল্মা
মুহূর্তকালের অধিক অবস্থান করেনি। এভাবেই তারা দুনিয়াতে অলীক কল্পনায় ছিল। (৫৬) কিন্তু যাদেরকে জ্ঞান ও ঈমান

وَالْإِيمَانَ لَقَدْ لَبِثْتُمْ فِي كِتَابِ اللَّهِ إِلَىٰ يَوْمِ الْبَعْثِ ۖ فَهَٰذَا يَوْمُ الْبَعْثِ

অল্ ঈমা-না লাক্বাদ্ লাবিছ্তুম্ ফী কিতা-বিল্লা-হি ইলা-ইয়াওমিল্ বা''ছি ফাহা-যা- ইয়াওমুল্ বা''ছি
দান করা হয়েছে, তারা বলবে, তোমরা তো আল্লাহর বিধান অনুযায়ী পুনরুত্থান দিবস পর্যন্ত অবস্থান করেছ। অতএব এটা

وَلَٰكِنَّكُمْ كُنْتُمْ لَا تَعْلَمُونَ ﴿٥٧﴾ فَيَوْمَئِذٍ لَّا يَنْفَعُ الَّذِينَ ظَلَمُوا

অলা-কিন্নাকুম্ কুন্তুম লা-তা'লামূন্। ৫৭। ফাইয়াওমায়িযিল্ লা-ইয়ান্ফা'উ ল্লাযীনা জোয়ালামূ
পুনরুত্থান দিবস, তবে তোমরা তা জানত না। (৫৭) সেদিন জালিমদের কোন ওযর-আপত্তি তাদের কোন কাজে আসবে না এবং

مَعْذِرَتُهُمْ وَلَا هُمْ يُسْتَعْتَبُونَ ﴿٥٨﴾ وَلَقَدْ ضَرَبْنَا لِلنَّاسِ فِي هَٰذَا الْقُرْآنِ

মা'যিরাতুহুম্ অলা-হুম্ ইয়ুস্তা'তাবূন্। ৫৮। অ লাক্বাদ্ দ্বোয়ারাব্না-লিন্না-সি ফী হা-যাল্ কু্র্আ-নি
যারা তওবা করে না, আল্লাহর সন্তুষ্টির সুযোগও তাদেরকে দেয়া হবে না।(৫৮) আর আমি তো বর্ণনা করেছি এ কোরআনে মানুষের

مِنْ كُلِّ مَثَلٍ ۚ وَلَئِنْ جِئْتَهُمْ بِآيَةٍ لَيَقُولَنَّ الَّذِينَ كَفَرُوا إِنْ أَنْتُمْ

মিন্ কুল্লি মাছাল্; অলায়িন্ জ্বি'তাহুম্ বিআ-ইয়া-তিল্ লাইয়াকু্লান্নাল্ লাযীনা কাফারূ ~ ইন্ আন্তুম্ ইল্লা-
জন্য সর্বপ্রকার উপমা আর আপনি যদি কোন নিদর্শন আনয়ন করেন, তবে কাফেররা নিশ্চয়ই বলবে যে, তোমরা প্রবঞ্চক

إِلَّا مُبْطِلُونَ ﴿٥٩﴾ كَذَٰلِكَ يَطْبَعُ اللَّهُ عَلَىٰ قُلُوبِ الَّذِينَ لَا يَعْلَمُونَ ۞

মুব্ত্বিলূন্। ৫৯। কাযা-লিকা ইয়াত্ব্বা'উল্লা-হু 'আলা-ক্বুলূবিল্ লাযীনা লা-ইয়া'লামূন্।
ছাড়া আর কিছুই নও।(৫৯) এভাবে যারা বিশ্বাস করে না তাদের অন্তরসমূহে আল্লাহ মোহর মেরে দেন।

فَاصْبِرْ إِنَّ وَعْدَ اللَّهِ حَقٌّ ۖ وَلَا يَسْتَخِفَّنَّكَ الَّذِينَ لَا يُوقِنُونَ ﴿٦٠﴾ ۞ ع ৬ ৭ ৯ রুকু

৬০। ফাছ্বির্ ইন্না ওয়া'দাল্লা-হি হাক্বকু্ঁও অলা-ইয়াস্তাখিফ্ফান্নাকাল্ লাযীনা লা-ইয়ূক্বিনূন্।
(৬০) আপনি ধৈর্য ধরুন, নিশ্চয়ই আল্লাহর প্রতিশ্রুতি সত্য, আর যারা অবিশ্বাসী তারা যেন আপনাকে বিচলিত করতে না পারে।

সূরা লুক্বমা-ন্
মক্কাবতীর্ণ

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ
বিস্মিল্লা-হির রাহ্মা-নির রাহীম
পরম করুণাময় ও দয়ালু আল্লাহর নামে

আয়াত ঃ ৩৪
রুকূ ঃ ৪

الٓمّٓ ۝١ تِلْكَ اٰيٰتُ الْكِتٰبِ الْحَكِيْمِ ۝٢ هُدًى وَّرَحْمَةً لِّلْمُحْسِنِيْنَ ۝٣

১। আলিফ্ লা — ম্ মী — ম্। ২। তিল্কা আ-ইয়া-তুল্ কিতা-বিল্ হাকীম্। ৩। হুদাঁও অরহ্মাতাল্ লিল্মুহ্সিনীন্।

(১) আলিফ লাম মীম। (২) এগুলো সেই বিজ্ঞানময় গ্রন্থের আয়াতসমূহ। (৩) যা পুণ্যবানদের জন্য হেদায়াত ও রহমত।

الَّذِيْنَ يُقِيْمُوْنَ الصَّلٰوةَ وَيُؤْتُوْنَ الزَّكٰوةَ وَهُمْ بِالْاٰخِرَةِ هُمْ يُوْقِنُوْنَ ۝٤ اُولٰٓئِكَ

৪। আল্লাযীনা ইয়ুক্বীমূনাছ্ ছলা-তা অ ইয়ু'তূনায্ যাকা-তা অহুম্ বিল্ আ-খিরতি হুম্ ইয়ূক্বিনূন্। ৫। উলা — য়িকা

(৪) যারা নামায কায়েম করে, যাকাত প্রদান করে, তারাই আখেরাতের উপর পূর্ণ বিশ্বাস স্থাপন করে (৫) তারাই তাদের

عَلٰى هُدًى مِّنْ رَّبِّهِمْ وَاُولٰٓئِكَ هُمُ الْمُفْلِحُوْنَ ۝٥ وَمِنَ النَّاسِ مَنْ يَّشْتَرِيْ

'আলা-হুদাম্ মির্ রব্বিহিম অউলা — য়িকা হুমুল্ মুফ্লিহূন্। ৬। অমিনান্না-সি মাইঁ ইয়াশ্তারী

রবের পক্ষ থেকে আগত সৎপথের উপর রয়েছে, আর তারাই সফলতা লাভ করবে। (৬) পক্ষান্তরে কেউ কেউ এমনও

لَهْوَ الْحَدِيْثِ لِيُضِلَّ عَنْ سَبِيْلِ اللّٰهِ بِغَيْرِ عِلْمٍ ۖ وَّيَتَّخِذَهَا هُزُوًا ۭ

লাহ্ওয়াল্ হাদীছি লিইয়ুদ্বিল্লা 'আন্ সাবীলিল্লা-হি বিগইরি 'ইল্মিওঁ অইয়াত্তাখিযাহা- হুযুওয়া-;

আছে যে, না জেনে আল্লাহর পথ হতে বিচ্যুত করার জন্য অমূলক কথা খরিদ করে এবং এটা নিয়ে ঠাট্টা বিদ্রোপ করে;

اُولٰٓئِكَ لَهُمْ عَذَابٌ مُّهِيْنٌ ۝٦ وَاِذَا تُتْلٰى عَلَيْهِ اٰيٰتُنَا وَلّٰى مُسْتَكْبِرًا كَاَنْ لَّمْ

উলা — য়িকা লাহুম্ 'আযা-বুম্ মুহীন্। ৭। অইযা-তুত্লা 'আলাইহি আ-ইয়াতুনা-অল্লা-মুস্তাক্বিরন্ কাআ ল্লাম্

তাদের জন্যই অবমাননাকর শাস্তি। (৭) তার কাছে যখন আল্লাহর আয়াত পাঠ করা হয়, তখন দম্ভভরে মুখ ফিরিয়ে নেয়,

يَسْمَعْهَا كَاَنَّ فِيْٓ اُذُنَيْهِ وَقْرًا ۚ فَبَشِّرْهُ بِعَذَابٍ اَلِيْمٍ ۝٧ اِنَّ الَّذِيْنَ اٰمَنُوْا وَ

ইয়াস্মা'হা-কাআন্না ফী ~ উযুনাইহি অক্ব্রান্ ফাবাশ্শির্হু বি'আযা-বিন্ আলীম্। ৮। ইন্নাল্ লাযীনা আ-মানূ অ

যেন শুনতে পায় নি; মনে হয় যেন তার কর্ণ বধিরতা রয়েছে, তাকে মর্মন্তুদ শাস্তির সুখবর দিন। (৮) নিশ্চয়ই যারা ঈমান এনেছে

عَمِلُوا الصّٰلِحٰتِ لَهُمْ جَنّٰتُ النَّعِيْمِ ۝٨ خٰلِدِيْنَ فِيْهَا ۭ وَعْدَ اللّٰهِ حَقًّا ۭ وَهُوَ

'আমিলুছ্ ছোয়া-লিহা-তি লাহুম্ জ্বান্না-তুন্ না'ঈম্। ৯। খ-লিদ্বীনা ফীহা-; ওয়া'দাল্লা-হি হাক্বক্ব-; অহুওয়াল্

এবং নেক কাজ করেছে তাদের জন্য রয়েছে সুখকর জান্নাত।(৯) সেথায় তারা অনন্তকাল থাকবে, আল্লাহর ওয়াদা সত্য। তিনি

الْعَزِيْزُ الْحَكِيْمُ ۝٩ خَلَقَ السَّمٰوٰتِ بِغَيْرِ عَمَدٍ تَرَوْنَهَا وَاَلْقٰى فِي الْاَرْضِ

'আযীযুল্ হাকীম্। ১০। খলাক্বস্ সামা-ওয়া-তি বিগইরি 'আমাদিন্ তারওনাহা-অআল্ক্ব-ফিল্ আর্দ্বি

পরাক্রমশালী, প্রজ্ঞাময় (১০) তিনি (আল্লাহ) স্তম্ভ ছাড়া আকাশ তৈরি করেছেন, তোমরা তো দেখছ; তিনি ভূপৃষ্ঠে পাহাড় স্থাপন

رَوَاسِيَ أَنْ تَمِيدَ بِكُمْ وَبَثَّ فِيهَا مِنْ كُلِّ دَابَّةٍ ۚ وَأَنْزَلْنَا مِنَ السَّمَاءِ مَاءً

রওয়া-সিয়া আন্‌ তামীদা বিকুম্‌ অবাছ্‌ছা-ফীহা-মিন্‌ কুল্লি দা — ব্বাহ্‌; অআন্‌যাল্‌না- মিনাস্‌ সামা — য়ি মা — য়ান্‌
করে দিলেন যেন পৃথিবী তোমাদেরকে নিয়ে ঢলে না পড়ে; এখানে প্রত্যেক জন্তু ছড়িয়ে দিয়েছেন; আর আমি আকাশ হতে বৃষ্টি

فَأَنْبَتْنَا فِيهَا مِنْ كُلِّ زَوْجٍ كَرِيمٍ ﴿١١﴾ هَٰذَا خَلْقُ اللَّهِ فَأَرُونِي مَاذَا خَلَقَ الَّذِينَ

ফাআম্‌বাত্‌না-ফীহা-মিন্‌ কুল্লি যাওজ্বিন্‌ কারীম্‌। ১১। হা-যা- খল্‌ক্বুল্লা-হি ফাআরূনী মা-যা- খলাক্বাল্লাযীনা
বর্ষণ করে দিয়ে ওতে সর্বপ্রকার উদ্ভিদ জোড়ায় জোড়ায় জন্মাই।(১১) এ তো আল্লাহর সৃষ্টি বস্তুসমূহ। তিনি ছাড়া অন্যরা কি সৃষ্টি

১ ع ১১ ১০ রুকু

مِنْ دُونِهِ ۚ بَلِ الظَّالِمُونَ فِي ضَلَالٍ مُبِينٍ ﴿١٢﴾ وَلَقَدْ آتَيْنَا لُقْمَانَ الْحِكْمَةَ أَنِ

মিন্‌ দূনিহ্‌; বালিজ্‌ জোয়া-লিমূনা ফী দ্বোয়ালা-লিম্‌ মুবীন্‌। ১২। অলাক্বদ্‌ আ-তাইনা-লুক্ব্‌মা-নাল্‌ হিক্‌মাতা আনিশ কুর্‌
করেছে তোমরা আমাকে দেখাও, জালিমরা স্পষ্ট বিভ্রান্তিতে রয়েছে।(১২) আর আমি তো লুকমানকে জ্ঞান দিয়েছি যেন আল্লাহর

اشْكُرْ لِلَّهِ ۚ وَمَنْ يَشْكُرْ فَإِنَّمَا يَشْكُرُ لِنَفْسِهِ ۖ وَمَنْ كَفَرَ فَإِنَّ اللَّهَ غَنِيٌّ حَمِيدٌ ☆

লিল্লা-হ্‌; অমাইঁইয়াশ্‌কুর্‌ ফাইন্নামা ইয়াশ্‌কুরু লিনাফ্‌সিহী অ মান্‌ কাফারা ফাইন্না ল্লা-হা গনিয়্যুন্‌ হামীদ্‌।
শোকরগুজার হও। আর যে শোকর করে সে নিজের কল্যাণের জন্যই শোকর করে, আর অকৃতজ্ঞ হলে আল্লাহ তো অভাবমুক্ত, প্রশংসিত।

ওয়াকফুন্নবী (ছঃ)

﴿١٣﴾ وَإِذْ قَالَ لُقْمَانُ لِابْنِهِ وَهُوَ يَعِظُهُ يَا بُنَيَّ لَا تُشْرِكْ بِاللَّهِ ۖ إِنَّ الشِّرْكَ لَظُلْمٌ

১৩। অইয্‌ ক্বা-লা লুকক্ব্‌ মা-নু লিব্‌নিহী অ হুওয়া ইয়া'ইজুহূ ইয়া-বুনাইয়্যা লা-তুশ্‌রিক্‌ বিল্লা-হ্‌; ইন্নাশ্‌ শির্‌কা লাজুল্‌মুন্‌
(১৩) লুকমান স্বীয় পুত্রকে উপদেশ প্রদান করতে গিয়ে বলল, হে বৎস! কাউকে শরীক করো না আল্লাহর সাথে, শিরক্‌ বড়

عَظِيمٌ ﴿١٤﴾ وَوَصَّيْنَا الْإِنْسَانَ بِوَالِدَيْهِ ۚ حَمَلَتْهُ أُمُّهُ وَهْنًا عَلَىٰ وَهْنٍ وَفِصَالُهُ فِي

'আজীম্‌। ১৪। অঅছ্‌ ছোয়াইনাল্‌ ইন্‌সা-না বিওয়া- লিদাইহি হামালাত্‌হু উম্মুহূ অহ্‌নান্‌ 'আলা-অহ্‌নিঁও অফিছোয়া-লুহূ ফী
জুলুম। (১৪) আর আমি মানুষকে তার মাতা-পিতা সম্পর্কে উপদেশ দিলাম যে তার মা তাকে কষ্ট করে গর্ভে ধারণ করেছে,

অর্ধাংশ •

عَامَيْنِ أَنِ اشْكُرْ لِي وَلِوَالِدَيْكَ إِلَيَّ الْمَصِيرُ ﴿١٥﴾ وَإِنْ جَاهَدَاكَ عَلَىٰ أَنْ

'আ-মাইনি আনিশ্‌ কুর্‌লী অলি ওয়া-লি দাইক্‌; ইলাইয়্যাল্‌ মাছীর্‌। ১৫। অইন্‌ জ্বা-হাদা-কা 'আলা ~ আন্‌
দু বছরে স্তন্য ছাড়ায়। সুতরাং আমার ও তোমার মাতা-পিতার কৃতজ্ঞ হও। আমার কাছেই তোমাদের প্রত্যাবর্তন। (১৫) কিন্তু তারা

